Kurigram Agricultural University



Kurigram Agricultural University
Vocational Mor, Kurigram Sadar, Kurigram-5600
Hotline: +8809611678921
Website: www.kuriau.edu.bd

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের ওরিয়েন্টেশন-২০২৬
ব্যবস্থাপনা কমিটি

উপদেষ্টাঃ প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম, ভাইস-চ্যান্সেলর, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়

ক্রমিক নং-	নাম ও পদবী	কমিটির পদবী
১	প্রফেসর ড. মোছাঃ নুর মহল আখতার বানু, উপ-উপাচার্য কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়।	আহ্বায়ক
২	ড. আবু রাশেদ মোঃ মাহবুবার রহমান, সহকারি অধ্যাপক ইংরেজী বিভাগ ও সহকারি প্রক্টর, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়।	সদস্য
৩	জনাব মোঃ আহসানুল হক, প্রভাষক, ফিশ প্রসেসিং এ্যান্ড প্রোডাক্ট টেকনোলজি বিভাগ ও সহঃ প্রভোস্ট (অস্থায়ী ছাত্র হল), কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়।	সদস্য
৪	জনাব রুমানা ইসলাম, প্রভাষক, প্লান্ট সাইন্স বিভাগ ও সহঃ প্রভোস্ট (অস্থায়ী ছাত্রী হল), কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়।	সদস্য
৫	প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম শিক্ষার্থী বিষয়ক উপদেষ্টা, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়।	সদস্য-সচিব



সদস্য
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

প্রিয় নবাগত শিক্ষার্থীবৃন্দ,

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় ব্যাচের নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন উপলক্ষে প্রকাশিত প্রসপেক্টাসে শুভেচ্ছা বাণী প্রদান করতে পেরে আমি আনন্দিত ও গর্বিত।

বিশ্ববিদ্যালয় জীবন একজন শিক্ষার্থীর জ্ঞানচর্চা, চিন্তার বিকাশ, মূল্যবোধ নির্মাণ এবং নেতৃত্বের গুণাবলি বিকাশের এক গুরুত্বপূর্ণ অধ্যায়। এই পর্বে অর্জিত শিক্ষা কেবল পেশাগত জীবনের ভিত্তিই গড়ে তোলে না; বরং একজন শিক্ষার্থীকে দায়িত্বশীল, মানবিক, সৃজনশীল ও দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে উঠতেও সহায়তা করে। আমি প্রত্যাশা করি, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের নবীন শিক্ষার্থীরা এই সুযোগকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে নিজেদের মেধা, শ্রম, সততা ও নিষ্ঠার মাধ্যমে একটি সমৃদ্ধ ভবিষ্যৎ নির্মাণ করবে।

বাংলাদেশের অর্থনীতি, খাদ্যনিরাপত্তা, কর্মসংস্থান, গ্রামীণ উন্নয়ন এবং টেকসই অগ্রগতির সঙ্গে কৃষির সম্পর্ক অত্যন্ত গভীর। বর্তমান সময়ে জলবায়ু পরিবর্তন, প্রাকৃতিক দুর্যোগ, ক্রমবর্ধমান জনসংখ্যা, ভূমি ও পানিসম্পদের সীমাবদ্ধতা, খাদ্যনিরাপত্তা এবং প্রযুক্তিগত পরিবর্তন কৃষিখাতের সামনে নতুন ও বহুমাত্রিক চ্যালেঞ্জ সৃষ্টি করছে। এই প্রেক্ষাপটে আধুনিক কৃষিশিক্ষা, বিজ্ঞানভিত্তিক গবেষণা, উদ্ভাবন এবং প্রযুক্তিনির্ভর সমাধান আগের যেকোনো সময়ের তুলনায় অধিক গুরুত্বপূর্ণ। ভৌগোলিক ও কৃষি-প্রাকৃতিক বৈশিষ্ট্যের কারণে কুড়িগ্রাম অঞ্চল কৃষিশিক্ষা ও গবেষণার জন্য বিশেষ তাৎপর্য বহন করে। চরাঞ্চলের কৃষি, বন্যা ও খরা সহিষ্ণু ফসল, জলবায়ু সহনশীল কৃষিব্যবস্থা, প্রাণিসম্পদ, মৎস্য, কৃষি প্রকৌশল, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, কৃষিভিত্তিক উদ্যোক্তা উন্নয়ন এবং টেকসই সম্পদ ব্যবস্থাপনায় এই বিশ্ববিদ্যালয় ভবিষ্যতে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

প্রিয় নবীন শিক্ষার্থীদের প্রতি আমার আহ্বান শিক্ষাজীবনের লক্ষ্যকে শুধু ভালো ফলাফল বা একটি সনদ অর্জনের মধ্যে সীমাবদ্ধ রেখো না। জ্ঞানকে উপলব্ধি করো, প্রশ্ন করতে শেখো, গবেষণার প্রতি আগ্রহী হও, নতুন প্রযুক্তির সঙ্গে নিজেকে পরিচিত করো এবং বাস্তব জীবনের সমস্যার কার্যকর ও টেকসই সমাধান উদ্ভাবনের মানসিকতা গড়ে তোলো। সময়ের যথাযথ ব্যবহার, অধ্যবসায়, শৃঙ্খলা, পারস্পরিক শ্রদ্ধাবোধ এবং একাডেমিক সততাকে তোমাদের প্রতিদিনের চর্চার অংশ করে তুলতে হবে।

চতুর্থ শিল্পবিপ্লবের এই সময়ে কৃষির পরিসর দ্রুত পরিবর্তিত হচ্ছে। কৃত্রিম বুদ্ধিমত্তা, জীবপ্রযুক্তি, ডেটা সায়েন্স, রিমোট সেন্সিং, প্রিসিশন এগ্রিকালচার, অটোমেশন এবং স্মার্ট ফার্মিং কৃষি উৎপাদন, ব্যবস্থাপনা ও বিপণনের নতুন দিগন্ত উন্মোচন করছে। তাই আগামী দিনের কৃষিবিদদের শুধু বিষয়ভিত্তিক জ্ঞানেই দক্ষ হলে চলবে না; তাদের হতে হবে প্রযুক্তি সচেতন, গবেষণামুখী, সমস্যা-সমাধানে সক্ষম এবং বৈশ্বিক পরিবর্তনের সঙ্গে অভিযোজনক্ষম।

আমি আশা করি, সম্মানিত উপাচার্য, শিক্ষকবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী এবং বিশ্ববিদ্যালয় পরিবারের সকলের সম্মিলিত প্রচেষ্টায় কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় অচিরেই একটি আধুনিক, গবেষণানির্ভর, উদ্ভাবনমুখী ও আন্তর্জাতিক মানসম্পন্ন উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হবে। দেশের কৃষি, খাদ্যনিরাপত্তা এবং টেকসই উন্নয়নে এ বিশ্ববিদ্যালয় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এটাই আমার দৃঢ় প্রত্যাশা।

তৃতীয় ব্যাচের সকল নবীন শিক্ষার্থীকে জানাই আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা। তাদের বিশ্ববিদ্যালয় জীবন হোক জ্ঞান, সততা, মানবিকতা, উদ্ভাবন, সৃজনশীলতা ও সাফল্যে সমৃদ্ধ।

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের সার্বিক অগ্রগতি, সুনাম ও উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

(প্রফেসর ড. মোঃ আসলাম হোসেন)

উপাচার্য
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়



প্রিয় নবাগত শিক্ষার্থীবৃন্দ,

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের নবীন সদস্য হিসেবে তোমাদের প্রত্যেককে আন্তরিক অভিনন্দন ও উষ্ণ স্বাগতম। কঠোর পরিশ্রম, অধ্যবসায় ও মেধার মাধ্যমে তোমরা উচ্চশিক্ষার এই নতুন অধ্যায়ে প্রবেশ করেছ। আজ থেকে তোমরা শুধু একটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নও; দেশের কৃষি, খাদ্য ও পুষ্টি নিরাপত্তা এবং টেকসই উন্নয়নের ভবিষ্যৎ অংশীদার।

বাংলাদেশের অর্থনীতি, কর্মসংস্থান ও মানুষের জীবনযাত্রার সঙ্গে কৃষি গভীরভাবে সম্পৃক্ত। কিন্তু জলবায়ু পরিবর্তন, খরা, বন্যা, নদীভাঙন, মাটির উর্বরতা হ্রাস, নতুন রোগবালাই এবং নিরাপদ খাদ্য উৎপাদনের মতো চ্যালেঞ্জ আমাদের কৃষিকে নতুন বাস্তবতার মুখোমুখি করেছে। বিশেষ করে কুড়িগ্রাম ও উত্তরাঞ্চলের কৃষির রয়েছে নিজস্ব সম্ভাবনা ও সীমাবদ্ধতা। তাই এ অঞ্চলে প্রতিষ্ঠিত কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব শুধু দক্ষ কৃষিবিদ তৈরি করা নয়; বরং স্থানীয় সমস্যার বিজ্ঞানভিত্তিক সমাধান উদ্ভাবন করে জাতীয় কৃষি উন্নয়নে অবদান রাখা।

বিশ্ববিদ্যালয় তোমাদের জ্ঞান অর্জনের সুযোগ দেবে, কিন্তু প্রকৃত শিক্ষা অর্জনের দায়িত্ব তোমাদের নিজেদের। শ্রেণিকক্ষের পাঠের পাশাপাশি গবেষণাগার, মাঠপর্যায়ের কাজ, কৃষকের অভিজ্ঞতা, প্রযুক্তি, উদ্ভাবন এবং বাস্তব সমস্যার সঙ্গে নিজেদের যুক্ত করতে হবে। কৃত্রিম বুদ্ধিমত্তা, স্মার্ট কৃষি, ড্রোন, রিমোট সেন্সিং, বায়োটেকনোলজি, প্রিসিশন এগ্রিকালচার এবং তথ্যভিত্তিক কৃষি ব্যবস্থাপনার মতো আধুনিক ক্ষেত্রগুলো আগামী দিনের কৃষিকে বদলে দেবে। তোমাদের সেই পরিবর্তনের নেতৃত্ব দেওয়ার জন্য প্রস্তুত হতে হবে।

একই সঙ্গে মনে রাখতে হবে- শুধু ভালো পেশাজীবী হওয়াই যথেষ্ট নয়; ভালো মানুষ হওয়াও সমান গুরুত্বপূর্ণ। সততা, নৈতিকতা, শৃঙ্খলা, সহমর্মিতা, দেশপ্রেম এবং সামাজিক দায়বদ্ধতাকে শিক্ষাজীবনের অবিচ্ছেদ্য অংশ হিসেবে গ্রহণ করো।

আমি প্রত্যাশা করি, তোমাদের মেধা, সৃজনশীলতা ও পরিশ্রমে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় একদিন কৃষি শিক্ষা ও গবেষণায় জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে একটি মর্যাদাপূর্ণ প্রতিষ্ঠানে পরিণত হবে।

তোমাদের বিশ্ববিদ্যালয় জীবন হোক জ্ঞান, মানবিকতা, উদ্ভাবন ও সাফল্যে পরিপূর্ণ।
সবার জন্য আন্তরিক শুভকামনা।

(প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম)

উপ-উপাচার্য
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়



প্রিয় নবাগত শিক্ষার্থীবৃন্দ,

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি ও মৎস্য অনুষদের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের সকল শিক্ষার্থীর প্রতি আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। তোমাদের সবার উপস্থিতি এই বিশ্ববিদ্যালয়কে নতুনভাবে উজ্জীবিত করেছে। দেশের অবহেলিত ও কৃষি উৎপাদনে পিছিয়ে থাকা এলাকা হিসেবে উত্তরবঙ্গের এই অঞ্চলে একটি কৃষি বিশ্ববিদ্যালয় অত্যন্ত জরুরি ছিল, সেই প্রেক্ষাপটে কৃষি শিক্ষা সম্প্রসারণ, বাস্তবমুখী গবেষণা এবং এই অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীকে কৃষি ও মৎস্য উৎপাদনে আধুনিক জ্ঞান ব্যবহারসহ দেশের সার্বিক উন্নয়নে এই বিশ্ববিদ্যালয়টি স্থাপিত হয়েছে। তোমরা নতুন শিক্ষার্থীরা আগামীর এই মহান কর্মের সারথী হয়ে কাজ করবে এই দোয়া ও আশীর্বাদ রইল। তোমরা অত্যন্ত প্রতিযোগিতাপূর্ণ পরীক্ষার মাধ্যমে উত্তীর্ণ হয়ে এই উচ্চশিক্ষা বিদ্যাপীঠে ভর্তি হয়েছে যা তোমাদের জীবনের একটি নতুন ও গৌরবময় অধ্যায়ের সূচনা।

কুড়িগ্রামে আমাদের এই বিশ্ববিদ্যালয়টি দেশের উত্তর অঞ্চল বিশেষ করে চরাঞ্চল ও নদীভাঙ্গন কবলিত এলাকার কৃষি উন্নয়নে বিশেষ ভূমিকা রাখার প্রত্যয় নিয়ে কাজ করছে। তোমরা কেবল সাধারণ শিক্ষার্থী নও, তোমরা আগামী দিনের কৃষি বিজ্ঞানী, গবেষক এবং নতুন উদ্ভাবনের কারিগর। তোমাদের লক্ষ্য শুধু ডিগ্রি অর্জন নয় বরং মাঠ পর্যায়ের বাস্তব সমস্যার সমাধানের মাধ্যমে যোগ্য নেতৃত্বের অধিকারী হওয়া। আমি আশা রাখি তোমরা শ্রেণিকক্ষ ও গবেষণাগারে অর্জিত জ্ঞানকে কাজে লাগিয়ে চরাঞ্চলের প্রতিকূল পরিবেশ উপযোগী ফসল উৎপাদন এবং আধুনিক কৃষি প্রযুক্তির সম্প্রসারণে ভূমিকা রাখবে। তোমাদের মেধা ও সততা দিয়ে দেশের কৃষকের মুখে হাসি ফোটাবে। বাংলাদেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ রাখতে অগ্রণী ভূমিকা পালন করবে।

বিশ্ববিদ্যালয় জীবন নিজেকে গড়ে তোলার, নেতৃত্ব, নৈতিকতা এবং মানবিক মূল্যবোধ অর্জনের সুবর্ণ সময়। আশা করি তোমরা পাঠক্রমের পাশাপাশি অন্যান্য সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে নিজেকে দক্ষ হিসেবে গড়ে তুলবে। আমার দৃঢ় বিশ্বাস তোমরা তোমাদের মেধা ও নিষ্ঠাকে কাজে লাগিয়ে আমাদের এই বিশ্ববিদ্যালয় তথা আমাদের এই দেশকে এগিয়ে নিয়ে যাবে। আমি তোমাদের সকল নবীন শিক্ষার্থীর সুস্বাস্থ্য, সাফল্যময় জীবন এবং উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করছি।

(প্রফেসর ড. মোছাঃ নুর মহল আখতার বানু)

শিক্ষার্থী বিষয়ক উপদেষ্টা
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়



প্রিয় নবাগত শিক্ষার্থীবৃন্দ,

তোমাদের প্রত্যেককে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। একটি প্রতিযোগিতামূলক ভর্তি প্রক্রিয়া অতিক্রম করে তোমরা আজ কৃষি উচ্চশিক্ষার একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানে নিজেদের স্থান করে নিয়েছ। এটি নিঃসন্দেহে আনন্দ ও গৌরবের, তবে একই সঙ্গে নতুন দায়িত্ব গ্রহণেরও সময়। কৃষি শিক্ষা মূলত জীবন, প্রকৃতি এবং মানুষের কল্যাণকে কেন্দ্র করে গড়ে ওঠা একটি প্রয়োগমুখী বিজ্ঞান। শ্রেণিকক্ষে তোমরা তাত্ত্বিক জ্ঞান আরোহন করে গবেষণাগারে তার বৈজ্ঞানীক ভিত্তি যাচাই করে মাঠে তার বাস্তব প্রয়োগ উপলব্ধি করবে। এই তিনটির সমন্বয়ই তোমাদের একজন দক্ষ ও দায়িত্বশীল কৃষিবিদ হিসেবে গড়ে উঠবে।

আগামী দিনের কৃষি হবে আরও প্রযুক্তিনির্ভর, জলবায়ু-সহনশীল এবং সম্পদ-দক্ষ। কম জমি ও সীমিত সম্পদ ব্যবহার করে অধিক ও নিরাপদ খাদ্য উৎপাদন, রোগ ও দুর্যোগ সহনশীল জাত উদ্ভাবন, পানি ও মাটির দক্ষ ব্যবস্থাপনা, জীববৈচিত্র সংরক্ষণ এবং কৃষকের আয় বৃদ্ধি- এসব বিষয়ে তোমাদের প্রজন্মকেই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে।

তাই শুরু থেকেই পড়াশোনায় নিয়মিত হও। শুধু পরীক্ষার আগে বই পড়ার অভ্যাস থেকে বেরিয়ে এসে প্রতিটি বিষয়ের মূল ধারণা বোঝার চেষ্টা করো। গবেষণাপত্র পড়া, মাঠপর্যায়ে পর্যবেক্ষণ করা, শিক্ষকের সঙ্গে আলোচনা করা এবং পরীক্ষাগারে হাতে-কলমে কাজ করার অভ্যাস গড়ে তোলো। ব্যর্থ পরীক্ষণকেও শিক্ষা হিসেবে গ্রহণ করতে শেখো; কারণ বিজ্ঞান অনেক সময় ব্যর্থতার মধ্য দিয়েই নতুন পথ দেখায়।

পাশাপাশি বিশ্ববিদ্যালয় জীবনে সহশিক্ষা কার্যক্রমেও সক্রিয়ভাবে অংশগ্রহন করবে। আমাদের বিশ্ববিদ্যালয়ের রোভার স্কাউটস, ল্যাংগুয়েজ ক্লাব এবং ডিবেটিং সোসাইটি তোমাদের একাডেমিক শিক্ষার পাশাপাশি ব্যক্তিত্ব ও নেতৃত্বের গুণাবলি বিকাশের গুরুত্বপূর্ণ ক্ষেত্র। এসব সহশিক্ষা কার্যক্রম তোমাদের শুধু একজন ভালো শিক্ষার্থী নয়, বরং আত্মবিশ্বাসী, দক্ষ, দায়িত্বশীল ও নেতৃত্বদানে সক্ষম মানুষ হিসেবে গড়ে তুলতে সহায়তা করবে।

সহপাঠীদের প্রতিযোগী নয়, বরং সহযাত্রী হিসেবে দেখো। সহযোগিতা, দলগত কাজ এবং জ্ঞান বিনিময়ের সংস্কৃতি বিশ্ববিদ্যালয় শিক্ষার অন্যতম শক্তি। একই সঙ্গে শিক্ষককে সম্মান, গবেষণায় সততা এবং একাডেমিক কাজে নৈতিকতা বজায় রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আমি প্রত্যাশা করি, এখান থেকে অর্জিত জ্ঞান ও দক্ষতা শুধু নিজের কর্মজীবনে নয়, কৃষক, সমাজ এবং দেশের কল্যাণেও কাজে লাগাবে।

তোমাদের জ্ঞানযাত্রা হোক আনন্দময়, অনুসন্ধানী ও সাফল্যমণ্ডিত।

(প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম)



আহ্বায়ক
প্রসপেক্টাস উপ-কমিটি
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়

প্রিয় নবাগত শিক্ষার্থীবৃন্দ,

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের নবাগত শিক্ষার্থী হিসেবে তোমাদের সবাইকে আন্তরিক স্বাগত জানাতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। জীবনের একটি গুরুত্বপূর্ণ অধ্যায়ের সূচনায় তোমরা আজ এমন একটি পরিবেশে প্রবেশ করছ, যেখানে প্রতিদিন শেখার, চিন্তা করার, প্রশ্ন করার এবং নিজেকে নতুনভাবে আবিষ্কার করার সুযোগ রয়েছে।

বিশ্ববিদ্যালয় জীবনের সবচেয়ে মূল্যবান অর্জন শুধু পাঠ্যবইয়ের জ্ঞান নয়। এখানে তোমরা শিখবে কীভাবে একটি সমস্যাকে বিভিন্ন দৃষ্টিকোণ থেকে দেখতে হয়, যুক্তির ভিত্তিতে সিদ্ধান্ত নিতে হয় এবং নিজের ধারণাকে প্রমাণ ও তথ্যের মাধ্যমে উপস্থাপন করতে হয়। একজন শিক্ষার্থী যখন নিজের মধ্যে এই অনুসন্ধিৎসু মানসিকতা তৈরি করতে পারে, তখনই তার উচ্চশিক্ষা সত্যিকার অর্থে অর্থবহ হয়ে ওঠে।

কৃষি এমন একটি ক্ষেত্র, যেখানে বিজ্ঞান সরাসরি মানুষের জীবনের সঙ্গে যুক্ত। তোমাদের শেখা একটি নতুন প্রযুক্তি কোনো কৃষকের উৎপাদন ব্যয় কমাতে পারে, একটি গবেষণা নতুন রোগ প্রতিরোধী ফসলের পথ তৈরি করতে পারে, আবার একটি উদ্ভাবনী ধারণা একটি অঞ্চলের খাদ্য ও জীবিকা নিরাপত্তায় পরিবর্তন আনতে পারে। তাই নিজের পড়াশোনাকে শুধু ব্যক্তিগত ক্যারিয়ারের প্রস্তুতি হিসেবে নয়, মানুষের জীবন উন্নয়নের একটি সুযোগ হিসেবে দেখো।

তোমাদের একটি বিষয় সব সময় মনে রাখতে বলব- প্রশ্ন করতে ভয় পেয়ো না। শ্রেণিকক্ষে বুঝতে না পারলে প্রশ্ন করো, গবেষণায় নতুন ধারণা এলে তা নিয়ে আলোচনা করো এবং প্রচলিত ধারণার বাইরে চিন্তা করার সাহস রাখো। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা শুধু পাঠদানকারী নন; তাঁরা তোমাদের শেখার যাত্রার সহযাত্রী ও পথপ্রদর্শক।

বন্ধুত্ব গড়ে তোলো, বই পড়ো, গবেষণাগারে সময় দাও, প্রকৃতিকে পর্যবেক্ষণ করো, কৃষকের সঙ্গে কথা বলো এবং নিজের চারপাশের বাস্তব সমস্যাকে বুঝতে শেখো। একই সঙ্গে সততা, মানবিকতা, শৃঙ্খলা ও অন্যের প্রতি সম্মানকে নিজের চরিত্রের অংশ করে নাও।

আজ তোমরা যে স্বপ্ন নিয়ে এই বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করছ, আগামী কয়েক বছরে সেই স্বপ্নকে জ্ঞান, দক্ষতা ও কর্মের মাধ্যমে বাস্তবে রূপ দেওয়ার দায়িত্ব তোমাদেরই।

তোমাদের বিশ্ববিদ্যালয় জীবন হোক অর্থবহ, স্মরণীয় ও সম্ভাবনায় পরিপূর্ণ। আন্তরিক শুভকামনা।

(রাইয়্যান রেজা)

এক নজরে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়

প্রতিষ্ঠাকাল	:	২২ সেপ্টেম্বর ২০২১
ভাইস-চ্যান্সেলর	:	প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম
প্রো-ভাইস চ্যান্সেলর	:	প্রফেসর ড. মোছাঃ নুর মহল আখতার বানু
আয়তন	:	২৫০ একর (প্রস্তাবিত)
অনুষদ	:	০৪ (চার); বর্তমানে চালুকৃত অনুষদ ০২ টি
ইনস্টিটিউট	:	০৪ (চার) (প্রস্তাবিত)
বিভাগ	:	৩৩ টি
শিক্ষার্থী	:	২৪০ (স্নাতক)
অস্থায়ী ছাত্র হল	:	০১ টি
অস্থায়ী ছাত্রী হল	:	০১ টি
অতিথি ভবন (ঢাকাস্থ)	:	০১ টি
অতিথি ভবন (কুড়িগ্রামস্থ)	:	০১ টি
বর্তমান ঠিকানা	:	ভোকেশনাল মোড়, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম-৫৬০০

অনুষদ ও বিভিন্ন কার্যালয়ের প্রধানের নাম ও পদবী

কৃষি অনুষদ

প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম
ডিন

ফিশারিজ অনুষদ

প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম
ডিন

ছাত্র হল

প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম
প্রভোস্ট

মোঃ আহসানুল হক
সহকারী প্রভোস্ট

মো: খালিদ হাসান
সহকারী প্রভোস্ট

অনুষদ ও বিভিন্ন কার্যালয়ের প্রধানের নাম ও পদবী

ছাত্রী হল

প্রফেসর ড. মোছাঃ নুর মহল আখতার বানু
প্রভোস্ট

রুমানা ইসলাম
সহকারী প্রভোস্ট

মোছা: শামীমা আক্তার
সহকারী প্রভোস্ট

শিক্ষার্থী বিষয়ক উপদেষ্টার কার্যালয়

প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম
শিক্ষার্থী বিষয়ক উপদেষ্টা

প্রক্টরের কার্যালয়

প্রফেসর ড. মোছাঃ নুর মহল আখতার বানু
প্রক্টর

ড. আবু রাশেদ মোঃ মাহবুবার রহমান
সহকারী প্রক্টর

মোছা: সাফিয়া খাতুন নিরা
সহকারী প্রক্টর

পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ

প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম
পরিচালক

আইকিউএসি

প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম
পরিচালক

রাইয়্যান রেজা
ভারপ্রাপ্ত অতিরিক্ত পরিচালক

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম

প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম
পরিচালক

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়

ওরিয়েন্টেশন ২০২৬

বি.এসসি ইন এগ্রিকালচার (অনার্স), বি.এসসি ইন ফিশারিজ (অনার্স) লেভেল-১ সেমিস্টার-১

স্থান : কুড়িকৃবি অডিটোরিয়াম (একাডেমিক ভবন, ৫ম তলা)

তারিখ : ২৫ আগষ্ট ২০২৬, মঙ্গলবার

অনুষ্ঠানসূচি

১ম পর্ব

১০:০০ ঘটিকা	নবাগত শিক্ষার্থীদের আইডি কার্ড প্রদান (অনুষদ অনুযায়ী)
১০:৫০ ঘটিকা	নবাগত শিক্ষার্থীদের আসন গ্রহন
১১:০০ ঘটিকা	সভাপতি, প্রধান অতিথি, বিশেষ অতিথি, শিক্ষার্থী বিষয়ক উপদেষ্টা, প্রক্টর, প্রভোস্ট সহ সংশ্লিষ্ট সকলের মঞ্চে আসন গ্রহণ
১১:০৫ ঘটিকা	প্রধান অতিথি, বিশেষ অতিথি এবং সভাপতি মহোদয়কে ফুল দ্বারা বরণ
১১:১০ ঘটিকা	পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ
১১:১৫ ঘটিকা	নবাগত ছাত্র-ছাত্রীদের ফুল দ্বারা বরণ
১১:২৫ ঘটিকা	বিশ্ববিদ্যালয়ের ডকুমেন্টারী ভিডিও প্রদর্শন
১১:৩৫ ঘটিকা	ওরিয়েন্টেশন প্রসপেক্টাসের মোড়ক উন্মোচন
১১:৪০ ঘটিকা	নবাগত শিক্ষার্থীদের পক্ষ থেকে শুভেচ্ছা বক্তব্য
১১:৫০ ঘটিকা	অগ্রজ শিক্ষার্থীদের পক্ষ থেকে শুভেচ্ছা বক্তব্য
১২:০০ ঘটিকা	সহকারী প্রভোস্টের (অস্থায়ী ছাত্রী হল) বক্তব্য
১২:০৫ ঘটিকা	সহকারী প্রভোস্টের (অস্থায়ী ছাত্র হল) বক্তব্য
১২:১০ ঘটিকা	সহকারী প্রক্টরের বক্তব্য
১২:১৫ ঘটিকা	শিক্ষার্থী বিষয়ক উপদেষ্টার বক্তব্য
১২:২৫ ঘটিকা	বিশেষ অতিথি এর বক্তব্য
১২:৩৫ ঘটিকা	প্রধান অতিথি এর বক্তব্য
১২:৪৫ ঘটিকা	সভাপতির বক্তব্য
১:০০ ঘটিকা	বিশ্ববিদ্যালয়ের কোর্স লে-আউট প্রদর্শন
১:১০ ঘটিকা	আপ্যায়ন

২য় পর্ব

দুপুর ৩:০০ ঘটিকা	সাংস্কৃতিক অনুষ্ঠান

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন-২০২৬ এর উপ-কমিটি সমূহ

প্রসপেক্টাস ও উপহার তৈরি উপ-কমিটি

ক্রমিক নং	নাম, পদবী ও অনুষদ/ দপ্তর	কমিটির পদবী
১	জনাব রাইয়্যান রেজা, প্রভাষক, এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ক্লাইমেট চেইঞ্জ বিভাগ।	আহ্বায়ক
২	জনাব মোঃ সাদেকুজ্জামান, ডেপুটি রেজিস্ট্রার।	সদস্য
৩	জনাব রুমানা ইসলাম, প্রভাষক, প্লান্ট সাইন্স বিভাগ।	সদস্য সচিব

আপ্যায়ন উপ-কমিটি

ক্রমিক নং	নাম, পদবী ও অনুষদ/ দপ্তর	কমিটির পদবী
১	জনাব মোঃ আহসানুল হক, প্রভাষক, ফিশ প্রসেসিং এ্যান্ড প্রোডাক্ট টেকনোলজি বিভাগ।	আহ্বায়ক
২	জনাব রাফে ইবনে আব্দুর রাজ্জাক, প্রভাষক, ফিশ প্রসেসিং এ্যান্ড প্রোডাক্ট টেকনোলজি বিভাগ।	সদস্য
৩	জনাব মোঃ গোলাম মোস্তফা, সেকশন অফিসার,পরীক্ষা শাখা।	সদস্য
৪	জনাব মোঃ খালিদ হাসান, প্রভাষক, কৃষি প্রকৌশল বিভাগ।	সদস্য সচিব

সাজসজ্জা উপ-কমিটি

ক্রমিক নং	নাম, পদবী ও অনুষদ/ দপ্তর	কমিটির পদবী
১	জনাব রুমানা ইসলাম, প্রভাষক, প্লান্ট সাইন্স বিভাগ।	আহ্বায়ক
২	জনাব মোছাঃ শামীমা আক্তার, প্রভাষক, প্লান্ট প্যাথলজি বিভাগ।	সদস্য
৩	জনাব মোঃ খালিদ হাসান, প্রভাষক, কৃষি প্রকৌশল বিভাগ।	সদস্য
৪	জনাব রাফে ইবনে আব্দুর রাজ্জাক, প্রভাষক, ফিশ প্রসেসিং এ্যান্ড প্রোডাক্ট টেকনোলজি বিভাগ।	সদস্য
৫	জনাব মোঃ হেদায়েতুল ইসলাম খান, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ।	সদস্য
৬	জনাব মোছাঃ তাছলিমা নাছরিন, প্রভাষক, কৃষি প্রকৌশল বিভাগ।	সদস্য সচিব

ম্যানেজমেন্ট উপ-কমিটি

ক্রমিক নং	নাম, পদবী ও অনুষদ/ দপ্তর	কমিটির পদবী
১	জনাব রাইয়্যান রেজা, প্রভাষক, এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ক্লাইমেট চেইঞ্জ বিভাগ।	আহ্বায়ক
২	জনাব মোছাঃ তাছলিমা নাছরিন, প্রভাষক, কৃষি প্রকৌশল বিভাগ।	সদস্য
৩	জনাব মরিয়ম আক্তার, প্রভাষক, ফিশারিজ বায়োলজি এন্ড জেনেটিক্স বিভাগ।	সদস্য সচিব

অর্থ উপ-কমিটি

ক্রমিক নং	নাম, পদবী ও অনুষদ/ দপ্তর	কমিটির পদবী
১	প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, কীটতত্ত্ব বিভাগ।	আহ্বায়ক
২	জনাব মোঃ সিফাত মিয়া, সেকশন অফিসার, অর্থ ও হিসাব বিভাগ।	সদস্য
৩	জনাব মোঃ শাহরিয়ার ইসলাম সাকিব, হিসাব রক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব বিভাগ।	সদস্য সচিব

নিরাপত্তা উপ-কমিটি

ক্রমিক নং	নাম, পদবী ও অনুষদ/ দপ্তর	কমিটির পদবী
১	ড. আবু রাশেদ মোঃ মাহবুবার রহমান, সহকারি অধ্যাপক, ইংরেজী বিভাগ।	আহ্বায়ক
২	জনাব মোঃ আহসানুল হক, প্রভাষক, ফিশ প্রসেসিং এ্যান্ড প্রোডাক্ট টেকনোলজি বিভাগ।	সদস্য
৩	জনাব মোছাঃ শামীমা আক্তার, প্রভাষক, প্লান্ট প্যাথলজি বিভাগ।	সদস্য
৪	জনাব মোঃ রুহুল ইসমাইল চৌধুরী, ফিল্ড এসিসট্যান্ট।	সদস্য
৫	জনাব মোঃ আব্দুল্লাহ-আল-সোহাগ, সিকিউরিটি অফিসার।	সদস্য সচিব

পরিষ্কার পরিচ্ছন্নতা উপ-কমিটি

ক্রমিক নং	নাম, পদবী ও অনুষদ/ দপ্তর	কমিটির পদবী
১	জনাব রাফে ইবনে আব্দুর রাজ্জাক, প্রভাষক, ফিশ প্রসেসিং এ্যান্ড প্রোডাক্ট টেকনোলজি বিভাগ।	আহ্বায়ক
২	জনাব আশরাফুজ্জামান, সহকারী সফটওয়্যার ইঞ্জিনিয়ার।	সদস্য
৩	জনাব মোঃ আতিকুর রহমান, সেকশন অফিসার, উপাচার্যের দপ্তর।	সদস্য
৪	জনাব মোছাঃ আমিনা খাতুন, প্রটোকল অফিসার।	সদস্য
৫	জনাব মোঃ হেদায়েতুল ইসলাম খান, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ।	সদস্য
৬	জনাব মোঃ সাজেদুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)।	সদস্য
৭	জনাব মোঃ সাদেকুজ্জামান, ডেপুটি রেজিস্ট্রার।	সদস্য সচিব

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের সহশিক্ষা কার্যক্রমের তথ্যসমুহ

ক্রমিক নং	সংগঠনের নাম	প্রতিষ্ঠাকাল
১	কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় রোভার গ্রুপ।	২০২৬
২	কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় গার্লস ইন রোভার।	২০২৬
৩	KuriAU Language Club.	২০২৬
৪	কুড়িকৃবি ডিবেটিং সোসাইটি।	২০২৬

Kurigram Agricultural University

1. An overview

Kurigram Agricultural University is a beacon of hope for agricultural development in Bangladesh, established in 2021 to enrich the agricultural landscape of the northern region through education and research. Nestled in the picturesque Kurigram district, the university is poised to become a hub of agricultural excellence.

The university's primary mission is to provide high-quality education and conduct cutting-edge research in agricultural sciences. It aims to produce skilled professionals who can address the challenges faced by the agricultural sector, such as climate change, food security, and sustainable farming practices. By fostering innovation and disseminating knowledge, Kurigram Agricultural University seeks to empower farmers and contribute to the overall economic growth of the region.

2. Faculties and Departments

1. Faculty of Agriculture
2. Faculty of Fisheries

2.1 Faculty of Agriculture

- Agronomy
- Soil Science
- Horticulture and Landscape Architecture
- Plant Science
- Entomology
- Plant Pathology
- Genetics and Plant Breeding
- Agricultural Chemistry
- Agricultural Extension and Communication
- Biochemistry and Molecular Biology
- Environmental Science and Climate Change
- Agroforestry
- Biotechnology and Genetic Engineering
- Seed Science and Technology
- Agrometeorology and Disaster Management
- Nanotechnology in Agriculture
- Language & Communication Science

2.2 General Department

- Agricultural Engineering
- Biostatistics
- Agricultural Economics
- Computer Science & Information Tech.
- Agribusiness Management & Entrepreneurship
- Sociology & Behavioral Science
- Remote sensing & Precision Agriculture
- Agro Processing & Food Technology
- Agro Industrial Technology
- Chemistry

2.3 Faculty of Fisheries

- Aquaculture
- Aquatic Resource Management
- Fisheries Biology and Genetics
- Fisheries Biotechnology and Nanotechnology
- Fish Processing and Product Technology
- Marine Fisheries and Oceanography

2.4 General Department

- Biochemistry
- Language and Communication Studies
- Computer Science and Engineering
- Agricultural Statistics and Bioinformatics
- Sociology and Rural Development
- Agricultural Economics
- Chemistry
- Agricultural Extension and Information System
- Research Methodology and Reports Writing
- Career Planning and Development

3. Temporary Residential Hall

a) Halls for male students
b) Halls for female students

4. Admission Process

The admission process will be in total of 200 marks. The admission test will held in 100 marks out of total of 200 marks. Other 100 marks will count from SSC & HSC results of the candidates.

Undergraduate Admission:

At present the admission to the undergraduate program is carried out as per the Agricultural Cluster Admission System (ACAS) of the Agricultural University and Agricultural Related University.

5. Grading System

Numerical Grade	Letter Grade	Grade Point
80% or above	A+ (A plus)	4.00
75% to less than 80%	A (A regular)	3.75
70% to less than 75%	A- (A minus)	3.50
65% to less than 70%	B+ (B plus)	3.25
60% to less than 65%	B (B regular)	3.00
55% to less than 60%	B- (B minus)	2.75
50% to less than 55%	C+ (C plus)	2.50
45% to less than 50%	C (C regular)	2.25
40% to less than 45%	D (D regular)	2.00
Less than 40%	F (failed)	0.00

6. Course: Layout and Credit Hours for B.Sc. Ag. (Hons) Degree under the Faculty of Agriculture

Level-1: Semester -1

Title of the courses	Course code		Credit Hours Theory+ Practical	Total
	Theory	Practical		
Compulsory				
Fundamentals of Agronomy	AGRON 1101	AGRON 1102	2+1	3
Soil Genesis and Soil Physics	SOILS 1101	SOILS 1102	2+1	3
Computer Science	CSIT 1101	CSIT 1102	2+1	3
Language and Communication Science	LCS 1101	-	2+0	2
Communicative English	-	LCS 1102	0+1	1
Physical and Organic Chemistry	CHEM 1101	CHEM 1101	2+1	3
Bangladesh Studies	SBS1101	-	2+0	2
		Total	12+5	17

Level-1: Semester -2

Title of the courses	Course code		Credit Hours Theory+ Practical	Total
	Theory	Practical		
Compulsory				
Ornamental, Landscape and Plantation Horticulture	HORT 1201	HORT 1202	2+1	3
Agro-industrial, Nuclear and Natural Product Chemistry	ACHEM 1201	-	2+0	2
Agricultural Chemistry	-	ACHEM 1202	0+1	1
Farm Mechanics	AE 1201	AE 1202	2+1	3
Agricultural Extension and Communication	AGEXT 1201	-	2+0	2
Extension Communication and Agricultural Survey	-	AGEXT 1202	0+1	1
Chemistry of Biomolecules	BMB 1201	-	2+0	2
Biochemistry and Molecular Biology	-	BMB 1202	0+1	1
Plant Morphology, Taxonomy and Economic Botany	PLSC 1201	-	2+0	2
Rural Sociology and Behavioral Science	SBS 1201	-	2+0	2
		Total	14+5	19

Level-2: Semester -1

Title of the courses	Course code		Credit Hours Theory+ Practical	Total
	Theory	Practical		
Compulsory				
Seed Science and Technology	SST 2101	SST 2102	2+1	3
Fundamentals of Environmental Science	ESCC 2101	-	2+0	2
Environment Monitoring	-	ESCC 2102	0+1	1
Genetics and Cytogenetics	GPB 2101	-	2+0	2
Cytology and Genetics	-	GPB 2102	0+1	1
Agrometeorology and Disaster Management	AMDM 2101	AMDM 2102	2+1	3
Agribusiness and Entrepreneurship	AME 2101	-	2+0	2
Metabolism and Human Nutrition	BMB 2101	-	2+0	2
Agricultural Economics	AECON 2101	-	2+0	2
Fundamentals of Plant Pathology	PPATH 2101	-	1+0	1
		Total	15+4	19

Level-2: Semester -2

Title of the courses	Course code		Credit Hours Theory+ Practical	Total
	Theory	Practical		
Compulsory				
Crop and Farm Management	AGRON 2201	AGRON 2202	2+1	3
Artificial Intelligence in Agriculture	AE 2201	AE 2202	2+1	3
Soil Chemistry, Survey and Conservation	SOILS 2201	SOILS 2202	2+1	3
Agroforestry	AGROF 2201	AGROF 2202	2+1	3
Nanotechnology	NTECH 2201	NTECH 2202	2+1	3
Fundamentals of Entomology	ENTOM 2201	-	1+0	1
Elective Course (T)		-	2+0	2
		Total	13+5	18

Level-3: Semester -1

Title of the courses	Course code		Credit Hours Theory+ Practical	Total
	Theory	Practical		
Compulsory				
Insect Ecology and Pest Management	ENTOM 3101	ENTOM 3102	2+1	3
Principles of Plant Pathology and Field Crop Diseases	PPATH 3101	PPATH 3102	2+1	3
Plant Nutrition, Pesticide and Environmental Chemistry	ACHEM 3101	-	2+0	2
Vegetables, Spices, Medicinal and Aromatic Plants	HORT 3101	HORT 3102	2+1	3
Biostatistics	BSTAT 3101	BSTAT 3102	2+1	3
Ethics and Professionalism	AGEXT 3101	-	2+0	2
Elective Course (T)		-	2+0	2
		Total	14+4	18

Level-3: Semester -2

Title of the courses	Course code		Credit Hours Theory+ Practical	Total
	Theory	Practical		
Compulsory				
Precision Agriculture	RSPA 3201	RSPA 3202	2+1	3
Plant Physiology and Anatomy	PLSC 3201	PLSC 3202	2+1	3
Climate Smart Agriculture	ESCC 3201	ESCC 3202	2+1	3
Biotechnology and Genetic Engineering	BGE 3201	BGE 3202	2+1	3
Food Processing and Preservation	APFT 3201	APFT 3202	2+1	3
Elective Course (T)		-	2+0	2
		Total	12+5	17

Level-4: Semester -1

Title of the courses	Course code		Credit Hours Theory+ Practical	Total
	Theory	Practical		
Compulsory				
Crop Husbandry	AGRON 4101	AGRON 4102	2+1	3
Pomology	HORT 4101	HORT 4102	2+1	3
Plant Ecology	PLSC 4101	PLSC 4102	2+1	3
Soil Fertility	SOILS 4101	SOILS 4102	2+1	3
Extension Organization Management	AGEXT 4101	-	2+0	2
Extension Program Planning and Field Attachment	-	AGEXT 4102	0+1	1
Project Work and Report	-	AGRI 4102	0+3	3
		Total	10+8	18

Level-4: Semester -2

Title of the courses	Course code		Credit Hours Theory+ Practical	Total
	Theory	Practical		
Compulsory				
Seed Pathology and Horticultural Crop Diseases	PPATH 4201	PPATH 4202	2+1	3
Plant Breeding	GPB 4201	GPB 4202	2+1	3
Economic Entomology	ENTOM 4201	ENTOM 4202	2+1	3
Elective Course (T)		-	2+0	2
Internship	-	AGRI 4202	5	5
		Total	8+3+5	16

List of Elective Courses for B. Sc. Ag. (Hons.) Degree Program:

Level-2, Semester-2

GPB 2203 : Advanced Cytology (T)
AGEXT 2203 : Agriculture and Rural Development (T)
ACHEM 2203 : Micronutrients in Agriculture (T)
BGE 2203 : Plant Genome and Genomics (T)
BMB 2203 : Applied Plant Biochemistry (T)

Level-3, Semester-1

AGRON 3103 : Weed management (T)
SOILS 3103 : Soil Pollution (T)
ENTOM 3103 : Environmental Entomology (T)
PPATH 3103 : Post-Harvest Pathology and : Food Safety (T)
AGEXT 3103 : Community Engagement (T)

Level-3, Semester-2

SOILS 3203 : Soil Biology (T)
HORT 3203 : Commercial Horticulture (T)
PLSC 3203 : Plant Stress Physiology (T)
GPB 3203 : Molecular Plant Breeding (T)
ENTOM 3203 : Ornamental and Spice Crops Entomology (T)
PPATH 3203 : Molecular-Plant Microbe Interactions and Bioinformatics (T)

Level-4, Semester-2

AGRON 4203 : Agronomy of Vulnerable Ecosystem (T)
HORT 4203 : Postharvest Management of Horticultural Crops (T)
PLSC 4203 : Plant Biodiversity and Conservation (T)
BGE 4203 : Molecular Techniques (T)

Note: * Odd and Even numbers of the courses are Theoretical and Practical, respectively.

7. Course: Layout and Credit Hours for B.Sc. Fisheries. (Hons) Degree under the Faculty of Fisheries

Level-1: Semester -1

Title of the courses	Course code		Credit Hours Theory+ Practical	Total
	Theory	Practical		
Compulsory				
Invertebrate and Vertebrate Zoology	FBG1101	FBG1102	2+1	3
Introductory Aquaculture	AQ1101	-	2+0	2
Aquatic Ecology	ARM1101	ARM1102	2+1	3
Fishing and Gear Technology	FPP1101	FPP1102	2+1	3
Computer Science	CSE1101	CSE1102	2+1	3
Communicative English	LCS1101	-	2+0	2
		Total	12+4	16

Level-1: Semester -2

Title of the courses	Course code		Credit Hours Theory+ Practical	Total
	Theory	Practical		
Compulsory				
Ichthyology	FBG1201	FBG1202	2+1	3
Freshwater Aquaculture	AQ1101	AQ1202	2+1	3
Chemical and Geophysical Oceanography	MFO1201	MFO1202	2+1	3
Physico-Chemical Limnology	ARM1201	ARM1202	2+1	3
Chemistry	CHE1201	-	2+0	2
Elective (Any One)				
Biology of Farmed Fish and Shellfish	FBG1203	-	2+0	2
Ornamental Fish Culture	AQ1203	-	2+0	2
Bay of Bengal Literacy	MFO1203	-	2+0	2
Aquatic Soil Science	ARM1203	-	2+0	2
Precision in Fisheries Technology	FPP1201	-	2+0	2
Basic Concepts of Cell Biology	FBN1201	-	2+0	2
		Total	12+4	16

Level-2: Semester -1

Title of the courses	Course code		Credit Hours Theory+ Practical	Total
	Theory	Practical		
Compulsory				
Fish Taxonomy and Systematics	FBG2101	FBG2102	2+1	3
Integrated Aquafarming	AQ2101	-	2+0	2
Mariculture	MFO2101	MFO2102	2+1	3
Biological Limnology	ARM2101	ARM2102	2+1	3
Fisheries Microbiology	FPP2101	FPP2102	2+1	3
Biochemistry	BC2101	BC2101	3+1	4
Elective (Any One)				
Reproductive Behavior of Aquatic Animals	FBG2103	-	2+0	2
Aquaculture Innovation and Commercialization	AQ2103	-	2+0	2
Marine Botany	MFO2103	-	2+0	2
Water Quality Management in Fisheries	ARM2103	-	2+0	2
Fish Handing and Preservation	FPP2103	-	2+0	2
Fundamentals of Molecular Biology	FBN2101	-	2+0	2
		Total	15+5	20

Level-2: Semester -2

Title of the courses	Course code		Credit Hours Theory+ Practical	Total
	Theory	Practical		
Compulsory				
Physiology of Aquatic Animals	FBG2201	FBG2202	2+1	3
Fish Parasitology and Pathology	AQ2201	AQ2202	3+1	4
Fisheries Biodiversity and Conservation	ARM2201	-	2+0	2
Fish Processing and Preservation Technology	FPP2201	FPP2202	2+1	3
Biostatistics	ASB2201	ASB2202	3+1	4
Elective (Any One)				
Embryology of Aquatic Animals	FBG2203	-	2+0	2
Live Food Culture	AQ2203	-	2+0	2
GIS and Remote Sensing in Fisheries	ARM2203	-	2+0	2
Fishery by-Products Technology	FPP2201	-	2+0	2
Molecular Immunology	FBN2203	-	2+0	2
Marine Resources	MFO2201	-	2+0	2
		Total	14+4	18

Level-3: Semester -1

Title of the courses	Course code		Credit Hours Theory+ Practical	Total
	Theory	Practical		
Compulsory				
Genetics and Fish Breeding	FBG3101	FBG3102	2+1	3
Aquafarm Design and Construction	AQ3101	AQ3102	2+1	3
Fish Population Dynamics	ARM3101	ARM3102	2+1	3
Fish Biotechnology	FBN3101	FBN3202	2+1	3
Fisheries Chemistry	FPP3101	FPP3202	2+1	3
Fisheries Economics and Marketing	AE3101	-	2+0	2
Elective (Any One)				
Toxicity in Fish Biology	FBG3103	-	2+0	2
Livelihoods in Aquaculture	AQ3103	-	2+0	2
Integrated Coastal Zone Management	MFO3101	-	2+0	2
Aquatic Pollution and Toxicology	ARM3103	-	2+0	2
Design and Maintenance of Fish Processing Plants	FPP3103	-	2+0	2
Cellular Biophysics	FBN3103	-	2+0	2
		Total	14+5	19

Level-3: Semester -2

Title of the courses	Course code		Credit Hours Theory+ Practical	Total
	Theory	Practical		
Compulsory				
Hatchery Management	FBG3201	-	2+0	2
Aquaculture Nutrition	AQ3201	AQ3202	2+1	3
Biological Oceanography	MFO3201	MFO3202	2+1	3
Fisheries Management	ARM3201	ARM3202	2+1	3
Nanotechnology in Fisheries	FBN3101	FBN3102	2+1	3
Rural Sociology	SRD3201	-	2+0	2
Elective (Any One)				
Conservation Genetics	FBG3203	-	2+0	2
Industrial Aquaculture and Certification	AQ3203	-	2+0	2
Ocean Mapping and Modeling	MFO3203	-	2+0	2
Char and Haor Fisheries and Livelihood	ARM3203	-	2+0	2
Fish Inspection and Legislation	FPP3203	-	2+0	2
Marine Genomics	FBN3203	-	2+0	2
		Total	14+4	18

Level-4: Semester -1

Title of the courses	Course code		Credit Hours Theory+ Practical	Total
	Theory	Practical		
Compulsory				
Aqua Feed Technology	AQ4101	AQ4102	2+0	2
Blue Economy and Sustainable Development	MFO4101	-	2+0	2
Climate Change and Fisheries	ARM4101	-	2+0	2
Quality and Safety of Fishery Products	FPP4101	FPP4102	2+1	3
Fisheries Extension	AEIS4101	AEIS4102	3+1	4
Research Methodology and Reports Writing	FoF4101	-	2+0	2
Elective (Any One)				
Genetics and Breeding of Aquarium Fish	FBG4101	-	2+0	2
Precision Aquaculture	AQ4103	-	2+0	2
Fish Stock Assessment	ARM4103	-	2+0	2
Meteorology and Ocean Forecasting	MFO4103	-	2+0	2
Biosecurity and Occupational Safety in Fisheries	FPP4103	-	2+0	2
Entrepreneurship in Marine Biotechnology	FBN4101	-	2+0	2
		Total	16+2	18

Level-4: Semester -2

Title of the courses	Course code		Credit Hours Theory+ Practical	Total
	Theory	Practical		
Compulsory				
Fish Pharmacology and Medicine	AQ4201	AQ4202	2+1	3
Marine Policy and Ocean Governance	MFO4201	-	2+0	2
Bioinformatics in Fisheries	FBN4201	-	2+0	2
Career Planning and Development	FoF4201	-	2+0	2
Internship	-	FoF4203	6	6
		Total	8+1+6	15

* Odd and Even numbers of the courses are Theory and Practical, respectively Fisheries Biology and Genetics = FBG; Aquaculture = AQ; Marine Fisheries and Oceanography= MFO; Aquatic Resource
Management = ARM; Fish Processing and Product Technology = FPPT; Fisheries Biotechnology and
Nanotechnology = FBN, Biochemistry = BC, Language and Communication Studies= LCS, Computer
Science and Engineering=CSE, Agricultural Statistics and Bioinformatics=ASB, Sociology and Rural
Development=SRD, Agricultural Economics=AE, Agricultural Extension and Information System=AEIS, Faculty of Fisheries = FoF.

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়

শিক্ষার্থীদের হলে বসবাসের শর্তাবলী এবং তাহাদের 'আচরণ ও শৃঙ্খলা বিধিমালা-২০২৫'

কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০২১ এর ৩৬ (১) (ঙ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত।

১। সাধারণ বিবরণী ও সংজ্ঞাঃ

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিতে

ক) "আইন" অর্থ কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০২১;

খ) "বিশ্ববিদ্যালয়" অর্থ কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়;

গ) "শিক্ষার্থী" অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন ছাত্র বা ছাত্রী;

ঘ) "আবাসিক শিক্ষার্থী" অর্থ যে সকল শিক্ষার্থীকে আবেদনক্রমে হলে সিট বরাদ্দ দেওয়া হইবে;

ঙ) "অনাবাসিক শিক্ষার্থী" অর্থ যে সকল শিক্ষার্থী স্বেচ্ছায় কর্তৃপক্ষের অনুমতিক্রমে হলের বাহিরে অবস্থান করিবে;

চ) "উপাচার্য" অর্থ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য;

ছ) "সিন্ডিকেট" অর্থ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট;

জ) "হল" অর্থ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সম্মিলিত জীবন পরিচালন এবং পাঠ্যক্রম এর সহায়ক কার্যক্রম শিক্ষাদানের জন্য বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণাধীন ছাত্রাবাস;

ঝ) "হল সংসদ" অর্থ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট হলের শিক্ষার্থীদের কর্তৃক নির্বাচিত প্রতিনিধি সমন্বয়ে গঠিত সংসদ;

ঞ) "হল মেস" অর্থ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট হলের সকল শিক্ষার্থীদের একসাথে খাওয়ার ব্যবস্থা;

ট) "প্রভোস্ট" অর্থ কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় আইন ২০২১ ১ম সংবিধির ১০(১) ধারা মতে নিয়োগ প্রাপ্ত শিক্ষক;

ঠ) "সহকারী প্রভোস্ট" অর্থ বিশ্ববিদ্যালয়ের হলের সহকারী প্রভোস্ট;

২। হলে শিক্ষার্থী ভর্তি/পুনঃ ভর্তি

২.১। শিক্ষার্থী হিসাবে অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তি/পুনঃ ভর্তি হইলে এবং কোন হলের আবাসিক শিক্ষার্থী হিসাবে ভর্তি/পুনঃভর্তি হইলে অথবা কোন আবাসিক হলের সাথে সংযুক্ত হইলে এবং বিশ্ববিদ্যালয়ের ক্লাস সমূহে অংশগ্রহণ করিলে সে এই বিশ্ববিদ্যালয়ের 'প্রকৃত শিক্ষার্থী' হিসাবে গণ্য হইবে।

২.২। এই বিধিতে উল্লেখিত শর্তাবলী সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রতিটি পূর্ণ সময়ের শিক্ষার্থী আবাসিক হলে বসবাস করিবে অথবা সংযুক্ত থাকিবে।

২.৩। যে শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ে আবাসিক হলে (ছাত্রাবাস) সংযুক্ত হইবে কিন্তু বসবাস করিবে না, সে সংযুক্ত শিক্ষার্থী হিসাবে অভিহিত হইবে।

২.৪। একজন সংযুক্ত শিক্ষার্থী, তার পিতামাতা/ অভিভাবক অথবা পিতামাতা/ অভিভাবক কর্তৃক মনোনীত এবং হল প্রভোষ্ট কর্তৃক অনুমোদিত ব্যক্তি (স্থানীয় অভিভাবক) এর তত্ত্বাবধানে উপযুক্ত পরিবেশে বসবাস করিবে। তবে ২৫ বছরের উর্ধ্ব বয়সের পোস্ট গ্র্যাজুয়েট শিক্ষার্থীর ক্ষেত্রে এই নিয়ম শিথিল যোগ্য হইবে। অনুমোদিত অভিভাবক যদি কুড়িগ্রাম ত্যাগ করেন, তবে অবিলম্বে সেই শিক্ষার্থীকে হলে সিট লইতে হইবে অথবা নতুন অভিভাবক যার তত্ত্বাবধানে উপযুক্ত পরিবেশে বসবাস করিবে, তার জন্য লিখিত অনুমোদন লইতে হইবে।

২.৫। একজন সংযুক্ত শিক্ষার্থী হলের প্রভোষ্টকে তাহার পিতামাতা বা অভিভাবকের ঠিকানা, ফোন/মোবাইল নম্বর, ইমেইল ঠিকানা (যদি থাকে) অবহিত করিবে। অভিভাবকের অবস্থানের কোনরূপ পরিবর্তন হইলে অবিলম্বে তা নিজ নিজ প্রভোস্টকে অবহিত করিতে হইবে।

২.৬। শিক্ষার্থীদের হলে বসবাসের ব্যবস্থা বা সিট ও কক্ষ বন্টন প্রতি সেশনে নূতনভাবে করিতে হইবে, তবে শর্ত থাকে যে, যদি কোন শিক্ষার্থীর নাম বিশ্ববিদ্যালয়ের তালিকা হইতে বাদ দেওয়া হয়, তবে সেই শিক্ষার্থী আপনা হইতেই আবাসিক/ সংযুক্ত শিক্ষার্থী থাকিবে না।

২.৭। হল সমূহে সকল ভর্তি একাডেমিক সেশনের শুরুতেই হইবে। হলের প্রভোস্ট আবাসিক/ সংযুক্ত শিক্ষার্থীদের অভিভাবক ও স্থানীয় অভিভাবক এর পত্র যোগাযোগের ঠিকানা সমূহ মোবাইল নম্বরসহ ভর্তির শেষ তারিখ হইতে ১৫ দিনের মধ্যে উপাচার্য মহোদয়কে রিপোর্ট করিবেন। পরবর্তী ভর্তি ও ঠিকানা পরিবর্তন হইলে প্রতিবারই হল প্রভোস্ট কর্তৃক উপাচার্য মহোদয়কে এর ১৫ দিনের মধ্যে রিপোর্ট করিতে হইবে।

২.৮। কোন আবাসিক বা সংযুক্ত শিক্ষার্থী কোন ভাবেই তাহাদের হল পরিবর্তন করিতে পারিবে না। কোন বিশেষ যৌক্তিক কারনে হল পরিবর্তনে ইচ্ছুক এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীকে সংশ্লিষ্ট প্রভোস্টের নিকট নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে।

২.৯। যদি কোন শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের তালিকা হইতে বাদ দেওয়া হয়, তবে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী তাহাকে পুনঃভর্তি হইতে হইবে এবং পুনঃভর্তি হওয়ায় ১৫ দিনের মধ্যে পূর্বের দেনা পাওনা পরিশোধ সাপেক্ষে হলে ভর্তি হইতে হইবে। যদি পুনঃভর্তির শেষ তারিখ ছুটিকালীন সময়ের মধ্যে পড়িয়া যায়, তবে অফিস খোলার ৩ দিনের মধ্যে তাহাকে পুনঃভর্তি হইতে হইবে।

২.১০। যদি কোন আবাসিক শিক্ষার্থী কোন হল হইতে বহিস্কৃত হয়, তবে সে বহিস্কৃত সময়ে বিশ্ববিদ্যালয়ের অন্য কোন হলে ভর্তি হইতে পারিবে না। উক্ত সময়ে সে সংশ্লিষ্ট হলের সাথেই সংযুক্ত থাকিবে।

২.১১। পুরাতন সকল শিক্ষার্থীর বেলায়, তাহার পূর্ববর্তী আবাসিক হলের প্রভোস্টের ছাড়পত্রসহ তাহার মাধ্যমে আবেদন করিতে হইবে।

২.১২। ভর্তির সময় শিক্ষার্থীদের নিম্নবর্ণিত শর্তাবলি পূরণ করিতে হইবে

ক) তাহাকে ভর্তি ফি বাবদ টাকা ১০০০.০০ অথবা বিভিন্ন সময়ে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারণযোগ্য যেকোন পরিমাণের অর্থ পরিশোধ করিতে হইবে।

খ) 'হল কশান মানি' হিসাবে তাহাকে টাকা ১০০০.০০ (ফেরতযোগ্য) অথবা বিভিন্ন সময়ে নির্ধারণযোগ্যযেকোন পরিমাণের অর্থ জমা দিতে হইবে।

গ) চলতি মাসেই মেসের পূর্ণ পাওনা পরিশোধ করিতে হইবে।

ঘ) 'এস্টাবলিশমেন্ট চার্জ' হিসেবে মাস প্রতি টাকা ২০০.০০ হারে বা বিভিন্ন সময়ে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারণযোগ্য যেকোন পরিমাণের অর্থ জমা দিতে হইবে।

ঙ) বিশ্ববিদ্যালয়ের পুরাতন শিক্ষার্থীর বেলায় তাহাকে সংশ্লিষ্ট হলের প্রভোস্টের নিকট হইতে সর্বশেষ না-দাবি পত্র উপস্থাপন করিতে হইবে।

চ) চলতি বৎসরের জন্য তাহাকে হল সংসদ ফি পরিশোধ করিতে হইবে।

৩। সিট বরাদ্দ সংক্রান্ত নিয়মাবলী

৩.১। হলে সিট শূন্য হইবার সাথে সাথেই হল প্রভোস্ট শিক্ষার্থীদের নিকট হইতে আবেদন পত্র আহবান করিবেন। সিট বন্টনের অথবা পরিবর্তনের সকল আবেদন পত্র প্রভোস্ট বরাবর দিতে হইবে।

৩.২। বিশ্ববিদ্যালয়ের সকল হলে প্রথম বর্ষের সিটসমূহ মেধার ভিত্তিতে বন্টন করা হইবে। প্রথম বর্ষের শিক্ষার্থীদের মেধা নির্ধারণ করা হইবে ভর্তি পরীক্ষার মেধা তালিকা অনুসারে।

৩.৩। প্রথম বর্ষ ছাড়া অন্যান্য বর্ষের শিক্ষার্থীদের সিট পুনঃবিন্যাসের ক্ষেত্রে বর্ষওয়ারী জ্যেষ্ঠতা ও মেধা অনুসারে করা হইবে। এক্ষেত্রে মেধা জ্যেষ্ঠতা নিরূপন হইবে পূর্ববর্তী বর্ষ বা বর্ষসমূহের মোট প্রাপ্ত নম্বর/ গ্রেডের ভিত্তিতে একই গ্রেড প্রাপ্ত ছাত্রদের মেধা ভর্তি পরীক্ষার মেধা তালিকা অনুসারে হইবে।

৩.৪। অনাবাসিক/সংযুক্ত শিক্ষার্থী হলে সিট নিতে চাইলে সিট পুনঃবিন্যাসের পর খালি সীটে উক্ত শিক্ষার্থীদের বর্ষওয়ারী জ্যেষ্ঠতা ও মেধার ভিত্তিতে সিট বন্টন করা হইবে।

৩.৫। সিট বরাদ্দের ক্ষেত্রে অকৃতকার্য শিক্ষার্থীদের তাহাদের পরবর্তী বর্ষের সাথে একই বর্ষ হিসাবে বিবেচনা করা হইবে।

৩.৬। প্রথম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে ভর্তির সময়েই, কোন শিক্ষার্থী কোন হলে সংযুক্ত হইবে তাহা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নির্ধারণ করিয়া দিবেন।

৩.৭। শিক্ষার্থীরা তাহাদের মাঝে বরাদ্দকৃত সিট প্রভোস্ট এর অনুমতি ব্যতিরেকে পরিবর্তন করিতে পারিবে না ।

৩.৮। নিজস্ব কক্ষে/ সীটে বহিরাগতদের আশ্রয়দানকারী শিক্ষার্থীদের সিট বাতিল করা হইবে।

৩.৯। কোন আবাসিক শিক্ষার্থী চাকুরীতে যোগ দেওয়ার সাথে সাথে তাহার চাকুরীর নিয়োগের তারিখ হতে আবাসিক ছাত্রত্ব বাতিল হইবে। তবে প্রেষণ প্রাপ্ত কোন চাকুরীজীবি এম.এস/ পিএইচডি ছাত্র হিসাবে আবাসিক হলে বসবাস করিতে পারিবে।

৩.১০। প্রতি আবাসিক শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরিমান টাকা, হল কশান মানি হিসাবে সিট নেওয়ার পূর্বে জমা দিতে হইবে। এই জামানতের টাকা প্রভোস্ট বা সহকারী প্রভোস্ট কর্তৃক সংগৃহীত হইবে এবং প্রভোস্টের নামে আলাদা একাউন্টে ব্যাংকে জমা থাকিবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী হল হইতে বিদায় নেওয়ার সময় বকেয়া (যদি থাকে) পরিশোধ পূর্বক জামানত/কশান মানির অবশিষ্ট অর্থ ফেরত পাইবে।

৩.১১। সকল হলের জন্যই শিক্ষার্থীদের হলে ভর্তি ফরম, পরিচয় পত্র ও পে-কার্ড একই রকম হইবে।

৪। হলের মেস/ডাইনিং পরিচালনা

৪.১। প্রতি হলে একটি করিয়া মেস/ডাইনিং পরিচালনা কমিটি থাকিবে।

৪.২। মেস কমিটি গঠন:

(ক) চেয়ারম্যান	সংশ্লিষ্ট হলের প্রভোস্ট
(খ) কোষাধ্যক্ষ	প্রভোস্ট কর্তৃক মনোনীত একজন সহকারী প্রভোস্ট
(গ) শিক্ষার্থী প্রতিনিধি	কোষাধ্যক্ষের তত্ত্বাবধানে মেসের সদস্যগণ তাহাদের নিজেদের মধ্য হইতে প্রতি টার্ম মেয়াদের (৩ মাস) জন্য একজন শিক্ষার্থী প্রতিনিধিসহ সাত সদস্য বিশিষ্ট একটি মেস কমিটি গঠন করিবে।

মেস কমিটির কার্যাবলি নিম্নরূপ হইবেঃ

(ক) প্রতি মেস পরিচালন মাস শেষ হওয়ার সাথে সাথেই মেস কমিটির শিক্ষার্থী প্রতিনিধি কর্তৃক তৈরিকৃত পূর্ববর্তী মাসের 'মাসিক হিসাব বিবরণী' (স্থিতিপত্র) পরীক্ষা করা।

(খ) প্রতি সদস্যের জন্য মেসের মাসিক দেয় নির্ধারণসহ পরবর্তী মাসের আয়-ব্যয়ের আনুমানিক হিসাব তৈরি করা।

(গ) আনুমানিক বাজেট-সীমার মধ্যে যুক্তিযুক্ত মূল্যে স্বাস্থ্যকর খাদ্যের ব্যবস্থা করা।
(ঘ) এক মেস-পরিচালন মাসে একাদিক্রমে দশ বা ততোধিক বেলা পূর্ব অবহিতকরণ সাপেক্ষে খাবার না খাইলে প্রতি বেলার খাবারের জন্য প্রত্যর্পণ (ৎবভঁহফ) হার নির্ধারণ করা।
(ঙ) অসুস্থ সদস্যের ক্ষেত্রে প্রত্যর্পণ হার নির্ধারণ করা।
(চ) মেসের সুষ্ঠু ও সুচারু পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় অনুরূপ অন্যান্য পদক্ষেপ গ্রহণ করা।

৪.৩। মেস সংক্রান্ত বিষয়ে সার্বিক তদারকির ক্ষমতা চেয়ারম্যানের উপর ন্যস্ত থাকিবে।

৪.৪। মেস পরিচালনার জন্য আদায়কৃত মোট চার্জ হইতেই মেস কমিটির শিক্ষার্থী প্রতিনিধিকে বিনামূল্যে মেস সুবিধা মঞ্জুর করা যাইতে পারে অর্থাৎ মেস সদস্য হিসাবে মেস শিক্ষার্থী প্রতিনিধিকে গণনা হইতে বাদ দিয়া মেসের অন্যান্য সদস্যের বিল হইতে প্রাপ্ত অর্থ দ্বারা মেস পরিচালন ব্যয় নির্বাহ হইবে।

৪.৫। মেস তহবিলের দায়িত্বে থাকিবেন কোষাধ্যক্ষ এবং তিনি ইহার হিসাব রক্ষণাবেক্ষণ করিবেন। তিনি শিক্ষার্থী প্রতিনিধি বা কোষাধ্যক্ষ কর্তৃক ক্ষমতায়িত ব্যক্তিকে দৈনন্দিন ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থ প্রদান করিবেন এবং এছাড়া অনুমোদিত বাজেট অনুযায়ী পণ্য সামগ্রী পাইকারি ক্রয়ের জন্য বিল পরিশোধ করিবেন। সকল ব্যয় অবশ্যই ভাউচার দ্বারা সমর্থিত হইবে এবং সেগুলি কোষাধ্যক্ষ সংরক্ষণ করিবেন।

৪.৬। মেসের দৈনন্দিন ব্যবস্থাপনার জন্য মেস কমিটির শিক্ষার্থী প্রতিনিধি দায়িত্ববান থাকিবেন এবং এ কারণে তিনি মেসের যেকোন সদস্যের সাহায্য গ্রহণ করিতে পারিবেন। তিনি দৈনিক ব্যয়ের হিসাব রাখিবেন এবং অন্যান্য সদস্যের সহায়তা লইয়া প্রত্যেক মাসের শেষভাগে তিনি হিসাব বিবরণী বা স্থিতিপত্র তৈরি করিবেন, যাহা মেস কমিটির অনুমোদনক্রমে নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারিত হইবে।

৪.৭। প্রতি আবাসিক শিক্ষার্থীকে তাহার মাসিক মেস চার্জের পূর্ণ অংশই প্রতি মাসের ১০ তারিখের মধ্যে কোষাধ্যক্ষের বরাবর পরিশোধ করিতে হইবে, ইহাতে ব্যর্থ হইলে মেস কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বিলম্ব জরিমানা বা অন্যকোন সিদ্ধান্ড় মেসের সদস্যরা মেনে নিতে বাধ্য থাকিবে। মেসের সুষ্ঠু পরিচালনার জন্য মেস কমিটি অন্যান্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিতে পারিবে।

৪.৮। কোন আবাসিক শিক্ষার্থী তাহার মেস চার্জ এবং তৎসহিত বিলম্ব জরিমানা বাবদ দেয় অর্থসহ অপরাপর চার্জ চলমান মাসের শেষ দিনের মধ্যে যদি সম্পূর্ণ পরিশোধে ব্যর্থ হয়, সেক্ষেত্রে পরবর্তী মাসের প্রথম দিনেই হল মেস রেজিষ্টার বহি হইতে তাহার নাম কর্তন করা হইবে এবং সেই দিন থেকে পূর্বের পাওনা পরিশোধ না করা পর্যন্ত তা অন্তর্ভূক্ত করা হবে না।

৪.৯। সময়মতো মেসের বকেয়া পাওনা পরিশোধ না করিতে পারার জন্য কোন আবাসিক শিক্ষার্থীর নাম মেস রেজিষ্টার বহি হইতে কর্তন করা হইলে, তাহাকে মেসে পুনঃভর্তির জন্য হলের প্রভোস্টের নিকট নিম্ন পাওনাদি জমাদান পূর্বক, আবেদন করিতে হইবে।

ক) বিলম্ব জরিমানাসহ অন্যান্য বকেয়া থাকিলে তাহা পরিপূর্ণভাবে পরিশোধ।
খ) পুনঃভর্তি ফি বাবদ টাকা ১০০.০০ মাত্র পরিশোধ।
গ) তবে প্রভোস্ট ইচ্ছা করিলে তাহার মেসে কোন শিক্ষার্থীর পুনঃভর্তির আবেদন মঞ্জুর বা প্রত্যাখ্যান করিতে পারেন।

৪.১০। হল মেস রেজিষ্টার বহি হইতে কর্তিত হওয়ার ১০ দিনের মধ্যে উক্ত শিক্ষার্থী তাহার নাম অন্তর্ভূক্ত না করাইলে ঐ সময়কালের জন্য তাহার সকল বৃত্তি/ছাত্রবৃত্তি হইতে কর্তনপূর্বক সমন্বয় করা হইবে। তবে উক্ত হলের প্রভোস্টের নিকট লিখিতভাবে আবেদন করা হইলে তিনি উক্ত শিক্ষার্থীকে তাহার বৃত্তির অর্থ উত্তোলনের অনুমতি দিতে পারেন।

৪.১১। হল মেস রেজিষ্টার বহি হইতে যে শিক্ষার্থীর নাম কাটা হইয়াছে, কোন অবস্থাতেই পুনঃভর্তি না হওয়া পর্যন্ত সে আর হল মেসে খাবার গ্রহণ করিতে পারিবে না। কোন আবাসিক শিক্ষার্থী শৃংখলাভঙ্গের অপরাধ সংঘটন করিলে বা তাহার আচরণ সন্তোষজনক না হইলে প্রভোস্ট তাহার নিজস্ব ক্ষমতাবলে তাহাকে হল ছাড়িয়া দিতে এবং একটি নির্দিষ্ট সময়ের জন্য সংযুক্ত শিক্ষার্থী হিসাবে থাকিতে নির্দেশ দিবেন। প্রভোস্ট কর্তৃক গৃহীত যেকোন শৃংখলামূলক ব্যবস্থা সম্পর্কে সাধারণত ভাইস-চ্যান্সেলরকে অবহিত করিতে হইবে। হলের কোন আবাসিক শিক্ষার্থীকে অসদাচরণ বা শৃংখলাভঙ্গের জন্য প্রভোষ্ট/সহকারী প্রভোষ্টগণ এককালীন অনধিক টাকা ৫০০.০০ (পাঁচশত) জরিমানা আরোপের ক্ষমতা রাখেন।

৪.১২। মেসের পাওনা বিলম্বে পরিশোধের জন্য পর পর তিনবার যদি কোন শিক্ষার্থীর নাম মেস রেজিষ্টার বহি হইতে কাটা হয়, তবে তাহাকে জরিমানা হিসেবে টাকা ২৫০/- জমা দিতে হইবে। এমনকি ইহার পরেও যদি তাহার নাম আরো দুইবার কাটা যায়, তবে মেস রেজিষ্টার বহি হইতে তাহার নাম স্থায়ীভাবে কেটে ফেলা হইবে এবং মেসে অন্তর্ভূক্তির অধিকার হারাইয়া ফেলিবে।

৪.১৩। এই বিশ্ববিদ্যালয়ের কোন হলের আবাসিক শিক্ষার্থীকে বিশেষ উপলক্ষ যেমন মাসিক ডিনার, বার্ষিক ডিনার প্রভৃতি ছাড়া অন্য কোন হলে অতিথি হিসাবে গ্রহণ করা যাইবে না।

৪.১৪। কোন আবাসিক শিক্ষার্থী যদি তাহার হলের দেনা পূর্ণ পরিশোধ না করিয়া তাহার হল পরিত্যাগ করে, তবে তাহার বিরুদ্ধে নিম্নরূপ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

ক) এই বিশ্ববিদ্যালয়ে জমাকৃত তাহার সকল 'কশান মানি' র অধিকার হইতে তাহাকে বঞ্চিত করা হইবে।

খ) পাওনা পরিশোধ না করা পর্যন্ড় তাহার পরীক্ষার ফলাফল প্রকাশ স্থগিত রাখা হইবে।

৪.১৫। কোন মেস পরিচালন মাসে যদি কোন আবাসিক শিক্ষার্থী, মেস কমিটির শিক্ষার্থী প্রতিনিধিকে ১/২ দিন পূর্বে জানাইয়া মেসে তাহার খাবার গ্রহণ না করে, তবে সে মেস কমিটি কর্তৃক নির্ধারিত প্রতি বেলার খাবারের জন্য নির্দিষ্ট হারে অর্থ প্রত্যর্পণ প্রাপ্তির অধিকারী হইবে।

৪.১৬। হল মেসের সকল আবাসিক শিক্ষার্থীকে এমনকি হল বন্ধ থাকিলে বা সে হলে না থাকিলেও 'এস্টাবলিশমেন্ট চার্জ' বাবদ প্রতি বছরে টাকা ২০০.০০ হারে অথবা বিভিন্ন সময়ে নির্ধারণযোগ্য হারে পরিশোধ করিতে হইবে।

৪.১৭। প্রতি টার্মের মেসের হিসাব নিরীক্ষণের জন্য, যে টার্মের জন্য নিরীক্ষা করা হইবে, উক্ত টার্মে অনুষ্ঠিত সংশ্লিষ্ট মেস কমিটির সদস্যদের সভায় কোষাধ্যক্ষের তত্ত্বাবধানে একটি তিন সদস্য বিশিষ্ট মেস অডিট কমিটি গঠিত হইবে।

৪.১৮। মেস কমিটির চেয়ারম্যানের নিকট অডিট কমিটি তাহাদের প্রতিবেদন পেশ করিলে তিনি উহা পরবর্তী টার্মের শুরুতে শিক্ষার্থীদের সাধারণ সভায় উপস্থাপন করিবেন। সকল সদস্যের জ্ঞাতার্থে হিসাব বিবরণীসহ অডিট রিপোর্ট হলের নোটিশ বোর্ডে টানানো হইবে।

৪.১৯। হলের ছাত্র নয় এমন কাউকেই খাবার সরবরাহ করা হইবে না। তবে বিশেষ অনুষ্ঠান উপলক্ষে হলের কোষাধ্যক্ষ কর্তৃক ইস্যুকৃত অতিথি কুপন প্রদর্শন সাপেক্ষে খাবার সরবরাহ করা হইবে।

৪.২০। হল প্রভোস্ট কর্তৃক নির্ধারিত সময়ে ডাইনিং হলে খাবার পরিবেশন করা হইবে। মেসের সকল সদস্যকেই হলের ডাইনিং হলে তাহাদের খাবার খাইতে হইবে। কোন অবস্থাতেই কোন শিক্ষার্থী তাহাদের নিজ কক্ষে খাবার নিয়া যাইতে পারিবে না। নির্ধারিত সময় সীমার পরে কোন শিক্ষার্থীকেই খাবার সরবরাহ করা হইবে না।

৪.২১। মেসের বাসন, গ্যাস বা অন্য কোন প্রকার তৈজসপত্র ছাত্রদের কক্ষে নিয়ে যাওয়া সম্পূর্ণ নিষিদ্ধ।

৫। শিক্ষার্থীদের আবাসিক হলে বসবাসের অনুসরণীয় সাধারন নিয়মাবলী (কমন রুলস)

৫.১। কোর্স চলাকালীন সময়ে কোন শিক্ষার্থী আবাসিক হল পরিত্যাগ করিতে পারিবে না। তবে, বিশেষ কারণে যদি কোন শিক্ষার্থী আবাসিক হল ত্যাগ করে, তবে যাত্রার নির্দিষ্ট সময়, যাত্রার উদ্দেশ্য ও গন্তব্যস্থান সম্পর্কে হল প্রভোস্টকে অবহিত করিবে। কোন আবাসিক শিক্ষার্থী প্রভোস্টের অনুমতি ছাড়া এক নাগাড়ে ১৫ দিনের অধিক সময় পর্যন্ত হলে অনুপস্থিত থাকিতে পারিবে না। অন্যথায় হল প্রভোস্ট তাহার সিট বাতিল করিবেন।

৫.২। ৭ দিনের অধিক ছুটির ক্ষেত্রে হল সমূহ বন্ধ থাকিবে। তখন প্রতিটি আবাসিক শিক্ষার্থী হল ত্যাগ করিবে। তবুও হল প্রভোস্ট বিশেষ ক্ষেত্রে কোন শিক্ষার্থীকে উপযুক্ত কারণের ভিত্তিতে তাহাকে হলে থাকার অনুমতি দিতে পারিবেন।

৫.৩। অন্য সকল সময়ে যখন ক্লাস বন্ধ (সাসপেন্ড) থাকিবে তখন উপাচার্য, সকল আবাসিক হলসমূহ বন্ধ করিবার এবং একটি নির্দিষ্ট সময়ে আবাসিক শিক্ষার্থীদেরকে হল খালি করার নির্দেশ প্রদান করিবেন।

৫.৪। কোন অতিথি হলে থাকার অনুমতি পাইবে না ।

৫.৫। কোন শিক্ষার্থী ব্যক্তিগত ভৃত্য নিযুক্ত করিতে পারিবে না। প্রভোস্ট এর অনুমোদন ছাড়া কোন ভৃত্য মেস বা অন্য কাজের জন্য নিযুক্ত হইতে পারিবে না।

৫.৬। হল প্রভোষ্ট, আবাসিক হলের শিক্ষার্থী পরিদর্শনের সময় সীমা নির্ধারণ করিবেন।

৫.৭। প্রভোস্ট এর পূর্ব অনুমতি ছাড়া হলে কোন ক্লাব বা সমিতি গঠন করা যাইবে না এবং হল সংলগ্ন জায়গায় অথবা হল অঙ্গনে কোন সভা অনুষ্ঠিত হইবে না।

৫.৮। প্রভোস্ট এর পূর্ব অনুমতি ছাড়া হলের ভিতরে ছাত্রবৃন্দ কোনরূপ আমোদ-প্রমোদ বা ভোজ দিতে পারিবে না এবং প্রভোস্ট এর অনুমতি ছাড়া কোন বাদ্যযন্ত্র বা ইলেক্ট্রনিক যন্ত্রও বাজাইতে পারিবে না।

৫.৯। হল অঙ্গণে কোন সুরাসার পানীয়, নেশা জাতীয় অথবা মাদক দ্রব্য সেবন করা বা সংরক্ষণ করা যাইবে না। এছাড়াও বিভিন্ন প্রকার আগ্নেয়াস্ত্র, বিস্ফোরক ও অন্যান্য অনিষ্টকারক দ্রব্যাদি আবাসিক হল সমূহে সংরক্ষণ ও ব্যবহার করা যাইবে না। খেলাপকারীকে হল হইতে চিরতরে বহিষ্কার করার আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৫.১০। সংশ্লিষ্ট প্রভোস্ট এর পূর্ব অনুমতি সাপেক্ষেই কেবল আন্তঃ হল সভা বা অনুষ্ঠান করা যাইবে।

৫.১১। যে ছাত্র ইচ্ছাকৃত ভাবে বিশ্ববিদ্যালয়ের সম্পত্তি অনিষ্ট বা ধ্বংস করিবে, সে শাস্তি গ্রহণে অথবা অর্থদন্ড বা জরিমানা দিতে বাধ্য থাকিবে।

৫.১২। হলে নিয়োজিত শ্রমিক/কর্মচারীরা কোনরূপ নিগৃহীত হইলে, হল কর্তৃপক্ষ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৫.১৩। শিক্ষার্থীরা নিজেদের কক্ষ ভালভাবে পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবে।

৫.১৪। শিক্ষার্থীরা নির্দিষ্ট স্থানে তাহাদের শরীর চর্চা করিতে পারিবে।

৫.১৫। হলের কোন কক্ষে বৈদ্যুতিক হিটার জ্বালানো যাইবে না।

৫.১৬। হলের অভ্যন্ড়রে কোথাও আপত্তিজনক, অশালীন বা রুচি গর্হিত ছবি, পোষ্টার প্রদর্শন সম্পূর্ণ নিষিদ্ধ।

৫.১৭। কোন আবাসিক শিক্ষার্থী হলে নিজস্ব চৌকি বা খাট স্থাপন করিতে পারিবে না।

৫.১৮। কোন আবাসিক শিক্ষার্থী তাহার কক্ষের আসবাবপত্র পরিবর্তন করিতে পারিবে না। কেউ খাবার ঘর, কমন রুম অথবা অফিস কক্ষ হইতে কোন প্রকার আসবাব পত্র বা বৈদ্যুতিক সামগ্রী স্থানান্তর করিতে পারিবে না।

৫.১৯। কমনরুম হইতে কেউ পত্রিকা, সাময়িকী সরাইতে পারিবে না।

৫.২০। বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা সমূহের জন্য, পরীক্ষার্থীদেরকে পরীক্ষা আরম্ভ হইবার ১৪ দিন পূর্বে হলের সকল দেয় পরিশোধ করিতে হইবে এবং প্রতি পরীক্ষার পরে বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিকের দেওয়া ঘোষণার ভিত্তিতে গ্রন্থাগারের সকল বই সমূহ ফিরাইয়া দিতে হইবে।

৫.২১। যদি কোন পরীক্ষার্থী (২০) উপধারার শর্ত পূরণ না করে তবে, পরীক্ষা নিয়ন্ত্রক, সংশ্লিষ্ট প্রভোস্ট ও গ্রন্থাগারিক এর নিকট হইতে প্রাপ্ত রিপোর্ট এর ভিত্তিতে সেই পরীক্ষার্থীর ফলাফল প্রকাশ স্থগিত রাখিবেন এবং পরীক্ষার্থী কর্তৃক হলের সকল দেয় ও গ্রন্থাগারের সকল বই ফেরত দেওয়ার পর, উভয় ক্ষেত্র হইতে না-দাবী পত্র প্রদর্শন পূর্বক ফলাফল প্রকাশ করিবেন।

৫.২২। আবাসন সম্পর্কিত সকল আবেদন পত্র / স্মারকলিপি অবশ্যই স্বাক্ষরিত ও যথাযথ কর্তৃপক্ষ বরাবরে সম্বোধিত হইতে হইবে, এবং ইহা প্রভোস্ট বা সহকারী প্রভোস্ট এর নিকট জমা দিতে হইবে। তিনি উহা যথাযথ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করিবেন।

৫.২৩। ছাত্র-ছাত্রী সম্পর্কিত যে কোন নোটিশ/বিজ্ঞপ্তি হল নোটিশ বোর্ডে প্রকাশিত হইবে এবং ধরিয়া লওয়া হইবে যে, হলের আবাসিক ও সংযুক্ত সকল ছাত্রই ইহা জ্ঞাত/অবগত হইয়াছে। বিজ্ঞপ্তিটি অবগত হয় নাইবলিয়া বিজ্ঞপ্তির বিষয়ে অসম্মতি প্রকাশ কোন ভাবেই গ্রহণযোগ্য হইবে না। প্রভোস্টের অনুমতি ব্যতীত কোন নোটিশ, হল নোটিশ বোর্ডে স্থাপিত হইবে না।

৫.২৪। সকল শিক্ষার্থীকে হলের বৈদ্যুতিক ও ইলেক্ট্রনিক সামগ্রী (টেলিভিশন, ফ্রিজ, ক্যাসেট পেয়ার, ইস্ত্রি, সেলাই মেশিন, টেলিফোন, কম্পিউটার ইত্যাদি) সতর্কতার সাথে ব্যবহারের জন্য প্রয়োজনীয় নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে।

৫.২৫। বিবাহিত কোন ছাত্র/ছাত্রী (স্বামী-স্ত্রী) একত্রে হলে বসবাস করিতে পারিবে না।

৫.২৬। এক হলের সিট বা হল সংক্রান্ত অন্য কোন বিষয়ে বিশ্ববিদ্যালয়ের অন্য কোন হলের শিক্ষার্থী হস্তক্ষেপ করিতে পারিবে না। এর ব্যতিক্রম পরিলক্ষিত হইলে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের বিরুদ্ধে প্রভোষ্ট কাউন্সিল আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবে।

৫.২৭। কোন আবাসিক শিক্ষার্থীর অনুপস্থিতিকালে হল কর্তৃপক্ষের যদি সংশ্লিষ্ট শিক্ষার্থীর কক্ষে ঢোকা প্রয়োজন হইয়া পড়ে তবে প্রভোস্ট একজন সহকারী প্রভোস্ট এর উপস্থিতিতে তালা ভাঙ্গিয়া ঐ কক্ষে ঢুকিতে পারিবেন। এই রকম পরিস্থিতিতে কক্ষের কোন মালামাল খোয়ানো বা হারানোর দাবি গ্রাহ্য হইবে না।

৫.২৮। হল প্রাঙ্গণে কোন আবাসিক শিক্ষার্থী কোন ধরনের পোষ্য প্রাণি, পাখি বা মারণাস্ত্র রাখিতে পারিবে না।

৫.২৯। কোন শিক্ষার্থী হল প্রাঙ্গণের মধ্যে কোন ফেরিওয়ালাকে ডাকিতে বা ঢুকিতে উৎসাহিত করিবে না।

৫.৩০। হলের ভিতরে বা বাহিরে নতুন শিক্ষার্থীদের র‍্যাগিং (**Ragging**) করা একটি শৃংখলা বিরোধী শাস্তিযোগ্য অপরাধ বলিয়া গণ্য হইবে।

৬। ছাত্রদের আবাসিক হলে বসবাস সংক্রান্ত নিয়মাবলী

৬.১। আবাসিক ছাত্রবৃদ রাত ১১ টার পূর্বে অবশ্যই তাহাদের হলে প্রবেশ করিবে এবং প্রভোস্ট এর অনুমতি ব্যতিরেকে সকাল ৫টার পূর্বে হল ত্যাগ করিতে পারিবে না। প্রতিটি হলের সকল গেইট উপরোক্ত সময়ের মধ্যে বন্ধ থাকিবে (রাত ১১টা হইতে সকাল ৫টা পর্যন্ত)।

৬.২। কোন মহিলা পরিদর্শক/ছাত্রী অথবা মহিলা অভিভাবক অতিথি কক্ষ ছাড়া ছাত্রদের হলের কোন কক্ষে প্রবেশ করিবার অনুমতি পাইবে না।

৬.৩। কোন মহিলা কর্মচারী, ছাত্রদের হলে কোন কাজের জন্য নিযুক্ত হইবে না। তবুও, যদি প্রয়োজন হয় তবে প্রভোস্ট নৈমিত্তিক বা সাময়িক ভিত্তিতে মহিলা কর্মচারী নিয়োগ করিতে পারিবেন।

৬.৪। হলের বারান্দায় সাইকেল চালানো নিষিদ্ধ হইবে।

৭। আবাসিক হলে বসবাসের জন্য কিছু সুনির্দিষ্ট নিয়মাবলী (ছাত্রীদের জন্য প্রযোজ্য)

৭.১। একজন সংযুক্ত ছাত্রী তাহার পিতা-মাতা/অভিভাবক অথবা পিতা-মাতা/অভিভাবক কর্তৃক লিখিত অনুমোদনসহ কোন স্থানীয় অভিভাবক এর তত্ত্বাবধানে উপযুক্ত পরিবেশে বসবাস করিবে। যদি প্রয়োজন হয় তবে পিতা-মাতা/অভিভাবক একজন নতুন স্থানীয় অভিভাবককে অনুমোদন দিবেন, যাহার তত্ত্বাবধানে সে উপযুক্ত পরিবেশে বসবাস করিবে। প্রকৃত এবং পরিবর্তিত উভয় অভিভাবকের ঠিকানাসহ ছাত্রীর পিতা-মাতা/ অভিভাবক, হল প্রভোস্ট এর সাথে যোগাযোগ করিবেন।

৭.২। স্থানীয় অভিভাবক একজন কাঙ্খিত ব্যক্তি হইবেন, যিনি তাহার পরিবারসহ বসবাস করিবেন, যেন জরুরি অবস্থায় কোন ছাত্রীর, কোন রকম সংক্রামক রোগ বা অসুখ হইলে, সে বিজ্ঞপ্তির ভিত্তিতে হল ত্যাগ করিয়া স্থানীয় অভিভাবকের নিকট চলিয়া যাইতে পারে।

৭.৩। আবাসিক ছাত্রীবৃন্দ শীতকালে সন্ধ্যা ৭টা ও অন্যান্য সময় রাত ৮টার পূর্বে অবশ্যই হলে প্রবেশ করিবে এবং প্রভোস্ট এর অনুমতি ব্যতিরেকে হল হইতে সকাল ৬ টার পূর্বে বাহিরে যাইতে পারিবে না।

৭.৪। যদি কোন ছাত্রী হলের গেইট বন্ধ হইয়া যাইবার পর হলে ফিরে, তবে তাহাকে গেইট বুকে তাহার নাম, ফেরার সময়, দেরীতে ফেরার কারণ, কোথায় ছিল ইত্যাদি তথ্য এন্ট্রি করিতে হইবে। পরবর্তী ৩ দিনের মধ্যে প্রভোস্টের নিকট যদি তথ্যগুলি গ্রহণযোগ্য হয় তবে তিনি তা প্রতিস্বাক্ষর করিবেন। যদি প্রভোস্ট সন্তুষ্ট না হন তবে, সেই ছাত্রীকে তার বাহিরেথাকার অবস্থান সম্পর্কে লিখিত প্রমাণ দিতে হইবে। যদি প্রভোস্ট উক্ত প্রমানেও সন্তুষ্ট না হন তবে, তিনি তা উক্ত ছাত্রীর অভিভাবককে অবহিত করবেন এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপাচার্য মহোদয় বরাবরে অভিযোগ পেশ করিবেন।

৭.৫। ছাত্রী হলের অতিথি কক্ষে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের কোন ছাত্র (পরুষ) বসিতে পারিবে না। তবে প্রভোস্ট এর অনুমতি সাপেক্ষে বিশেষ ক্ষেত্রে এই নিয়মের ব্যতিক্রম হইতে পারে। ছাত্রী হলের গেইটের ভিতরেও কোন ছাত্র (পুরুষ) প্রবেশ করিতে পারিবে না।

৭.৬। কোন ছাত্রীকে পরিদর্শনের জন্য তাহার পিতা-মাতা/ অভিভাবক, স্থানীয় অভিভাবক এবং পিতা-মাতা/ স্থানীয় অভিভাবক কর্তৃক মনোনীত দুইজন আত্মীয় আসিতে পারিবেন। পরিদর্শককে, পরিদর্শক বইয়ে তাহার নাম এবং সেই ছাত্রীর সাথে তাহার সম্পর্ক উল্লেখ করিতে হইবে। অতিথি কক্ষ ছাড়া অন্য কোন কক্ষে কোন মহিলা বা পুরুষ পরিদর্শক প্রবেশ করিতে পারিবে না।

৭.৭। কোন ছাত্রী রাতের বেলায় হলের বাহিরে থাকার অনুমতি পাইবে না। তবে, হলে ভর্তির সময়ে, অভিভাবক বা স্থানীয় অভিভাবক এর আবেদন পত্রের উপর যদি প্রভোস্টের অনুমতি থাকে তাহলে সে রাতে হলের বাহিরে অবস্থান করিতে পারিবে। অভিভাবক বা স্থানীয় অভিভাবক এর আবেদন পত্রে, ছাত্রীর রাতে বাহিরে থাকার স্থান সমূহ পরিস্কার ভাবে উল্লেখ থাকিতে হইবে।

৭.৮। ছাত্রী হলে সার্বক্ষণিক তদারকির জন্য একজন মেট্রন থাকিবেন।

৮। হল সংসদ কর্তৃক নিয়মাবলী

৮.১। প্রতি হলে একটি হল সংসদ থাকিবে।

৮.২। হলের প্রভোস্ট ও ১জন সহকারী প্রভোস্ট তাহাদের পদাধিকার বলে হল সংসদের যথাক্রমে সভাপতি ও কোষাধ্যক্ষ হইবেন। সংসদের অন্যান্য পদগুলি, ছাত্রদের মধ্য হইতে নির্বাচনের মাধ্যমে প্রতিষ্ঠিত হইবে।

৮.৩। আবাসিক ও সংযুক্ত সকল ছাত্রই সংশ্লিষ্ট হল সংসদ নির্বাচনের ভোটার হইবে।

৮.৪। হল সংসদের সাংসদবৃন্দ তাহাদের নির্ধারিত দায়িত্ব পালনের মাধ্যমে হল পরিচালনায় প্রভোস্টকে সহায়তা করিবে।

৯। বিবিধ নিয়মাবলী

৯.১। ছাত্রদের আবাসিক প্রত্যেক হলেই একজন পেশ ইমাম থাকিবেন। তিনি নির্দিষ্ট সময়ে আযান দিবেন, হলের নির্দিষ্ট জায়গায় পাঁচ ওয়াক্ত নামাজ পড়াইবেন এবং রমজানের সময় তারাবির নামাজ পড়াইবেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য ধর্মীয় দায়িত্ব পালন করিবেন।

৯.২। ছাত্র বা ছাত্রীদের ব্যক্তিগত এবং হল সংক্রান্ড় বিজ্ঞপ্তি প্রভোস্টের নিকট জমা দিলে তাহা হল কর্তৃপক্ষ অনুমোদন সাপেক্ষে নির্ধারিত বিজ্ঞপ্তি বোর্ডে লাগানোর ব্যবস্থা গ্রহণ করিবে।

৯.৩। উপরে বর্ণিত বিধিসমূহের আওতাধীন নয় এ জাতীয় সমস্যা দেখা দিলে হল কর্তৃপক্ষ অথবা প্রয়োজনে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ তাহার সমাধান এর ব্যবস্থা করিবে।

৯.৪। এতদ্ব্যতীত কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের স্বার্থে প্রণীত নিয়মবিধি কিংবা কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে (Time to Time) জারিকৃত নিয়মাবলী যাহা হল ব্যবস্থাপনা ও শৃঙ্খলার সহিত সম্পর্কিত তাহা শিক্ষার্থীদের জন্য আবশ্যিকভাবে পালনীয় হইবে।

১০। প্রভোস্ট ও সহকারী প্রভোস্টবৃন্দের দায়িত্ব ও ক্ষমতা

১০.১। প্রভোস্ট তাঁহার হলের ব্যবস্থাপনা ও প্রশাসন সংশ্লিষ্ট সকল কাজের জন্য সরাসরি ভাইস-চ্যান্সেলরের নিকট দায়বদ্ধ থাকিবেন।

১০.২। প্রভোস্ট প্রতি শিক্ষাবর্ষে নতুন শিক্ষার্থীদেরকে তাহার হলে ভর্তি করিবেন এবং ভর্তি হইবার পর আসনের প্রাপ্যতা সাপেক্ষে হলে মেধাক্রম অনুসরণ করে আসন বরাদ্দ করিবেন।

১০.৩। প্রভোস্ট তাহার হলের অভ্যন্তরে শৃংখলা রক্ষার দায়িত্ব পালন করিবেন এবং শিক্ষার্থী-শৃঙ্খলার জন্য এই বিধিতে বর্ণিত যাবতীয় ক্ষমতাসহ ভাইস-চ্যান্সেলর কর্তৃক তাহাকে বিভিন্ন সময়ে প্রদত্ত অনুরূপ অন্যান্য ক্ষমতা প্রয়োগ করিবেন।

১০.৪। প্রভোস্ট তাঁহার হলের শিক্ষার্থীদের সার্বিক কল্যাণের জন্য দায়বদ্ধ থাকিবেন।

১০.৫। বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত আর্থিক বিধিমালা অনুযায়ী প্রভোস্ট তাহার হলের আপতিক তহবিলের (Contingent money) ব্যয় নির্বাহ করিবেন।

১০.৬। প্রভোস্ট হলের সম্পদের ব্যবস্থাপনার দায়িত্ব পালন করিবেন।

১০.৭। হলের সার্বিক তত্ত্বাবধানে ও পরিচালনার জন্য প্রভোস্ট নিয়োজিত থাকিবেন এবং তিনি উপযুক্ত পদ্ধতিতে তাহার ক্ষমতা ও দায়দায়িত্ব তাহার সহকারী প্রভোস্টগণকে অর্পণ করিতে পারেন।

১০.৮। প্রভোস্ট তাহার হলের সকল কমিটিতে পদাধিকারবলে সভাপতি হইবেন।

১০.৯। প্রভোস্ট(বৃন্দ) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কর্তৃক মনোনীত হইয়া বিভিন্ন কমিটিতে সদস্যভুক্ত হইবেন।

১০.১০। বিভিন্ন হল ও প্রভোস্টবৃন্দের মধ্যে সমতা ও সহযোগিতা প্রতিষ্ঠাসহ সমন্বয় সাধনের জন্য একটি কমিটি হইবে। এই কমিটি 'প্রভোস্ট কাউন্সিল' নামে অভিহিত হইবে। সকল হল প্রভোস্ট এই কমিটিতে সদস্য থাকিবেন এবং প্রবীণতম (প্রভোস্টগনের মধ্যে জ্যেষ্ঠতম) প্রভোস্ট ইহার আহবায়ক হইবেন।

১০.১১। সহকারী প্রভোস্টবৃন্দ প্রভোস্টের নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে তাহাদের কাজ করিবেন এবং প্রভোস্ট কর্তৃক তাহাদের উপর অর্পিত কার্যাবলি সম্পাদন করিবেন।

১০.১২। প্রভোস্ট/ সহকারী প্রভোস্ট বা হল কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কোন ব্যক্তি প্রয়োজনে হলের যে কোন কক্ষ খুলিতে পারিবে।

১০.১৩। প্রভোস্ট এর পূর্বানুমতি ব্যতিত কোন শিক্ষার্থী কোন অতিথিকে রাত্রি যাপনের জন্য কক্ষে রাখিতে পারিবে না।

১০.১৪। প্রভোস্ট এর অনুমতি ছাড়া কেউ কক্ষ পরিবর্তন করিতে পারিবে না।

১০.১৫। হলে যে কোন সমস্যা বা যে কোন প্রকার সুযোগ সুবিধা বৃদ্ধির জন্য শিক্ষার্থী একক বা যৌথ ভাবে লিখিত বা মৌখিকভাবে প্রভোস্টকে অবহিত করিতে পারিবে। এ ব্যাপারে প্রভোস্ট ব্যবস্থা গ্রহণ করিবে। কোন অবস্থাতেই স্ব-উদ্যোগে একক বা যৌথ ভাবে শিক্ষার্থী এ ব্যাপারে ব্যবস্থা নিলে তাহা হল প্রশাসনে বিঘ্ন ঘটানো বা হস্তক্ষেপের সামিল বলিয়া গণ্য হইবে এবং শৃঙ্খলা ভঙ্গের আওতায় পড়িবে।

১০.১৬। উপরে বর্ণিত বিধিসমূহের কোন একটিও লঙ্ঘিত হইলে তাহা শৃঙ্খলা ভঙ্গের অপরাধ বলিয়া গণ্য হইবে এবং এ কারণে

প্রভোস্ট সাময়িক বা স্থায়ীভাবে শিক্ষার্থীকে হল হইতে বহিষ্কার করিতে পারিবে। শাস্তিপ্রাপ্ত শিক্ষার্থীর হল জামানত বাজেয়াপ্ত হইবে। তাছাড়া প্রয়োজনে প্রভোস্ট শিক্ষার্থীর বিরুদ্ধে নিয়ম মোতাবেক ব্যবস্থার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে সুপারিশ করিবে।

১১। হল অফিস পরিচালনা

১১.১। প্রভোস্ট হল পরিচালনার সার্বিক দায়িত্বে থাকিবেন।

১১.২। সহকারী প্রভোস্ট হল পরিচালনার কাজে প্রভোস্টকে সহযোগিতা করিবেন।

১১.৩। অফিসের কাজের সহযোগিতায় প্রয়োজনীয় সংখ্যক জনবল থাকিবে।

১১.৪। সাধারণভাবে বিশ্ববিদ্যালয় চাকুরী কাঠামোর আওতায় হলের প্রশাসনিক সুবিধা অনুযায়ী অফিস পরিচালিত হইবে।


১২। অর্থ ব্যবস্থাপনা

হল খাতে আদায়কৃত অর্থ স্ব স্ব হলের একাউন্টে জমা হইবে। এই আদায়কৃত অর্থ যেমন- ছাত্রাবাস ভর্তি ফি, ছাত্রাবাস জামানত ফি, সিট ভাড়া, কমনরুম ফি, তৈজষপত্র ফি ইত্যাদি যাবতীয় আয়-ব্যয় উক্ত একাউন্টের মাধ্যমে পরিচালিত হইবে।

এই বিধিমালায় বর্ণিত নেই/ভবিষ্য উদ্ভুত পরিস্থিতি/ যেকোন শব্দ অথবা শব্দগুচ্ছের ব্যাখ্যার ক্ষেত্রে-উপাচার্যের ব্যাখ্যাই চূড়ান্ড় বলিয়া গণ্য হইবে।



০২ ডিসেম্বর ২০২৪ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মুহঃ রাশেদুল ইসলাম কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য হিসেবে যোগদান এবং দায়িত্ব গ্রহণ করেন।



২০২৩-২৪ শিক্ষাবর্ষের কৃষি এবং মৎস্য অনুষদের প্রথম বর্ষের শিক্ষার্থীদের সশরীরে ভর্তি কার্যক্রম আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। (৯ ডিসেম্বর ২০২৪)



উত্তরবঙ্গের শিক্ষার্থীদের সুবিধার্থে কৃষিগুচ্ছের কেন্দ্রীয় ভর্তি কমিটি কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়কে (কুড়িকৃবি) পরীক্ষাকেন্দ্র হিসেবে অনুমোদন দেয়। (১৮ জানুয়ারি ২০২৫)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় এবং অস্ট্রেলিয়ার চার্লস স্টার্ট বিশ্ববিদ্যালয়ের মধ্যে সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম শুরু হয়। (২০ জানুয়ারি ২০২৫)



২০২৩-২৪ শিক্ষাবর্ষের নতুন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয় এবং নিয়মিত একাডেমিক ও ল্যাব কার্যক্রমের শুভ সূচনা করা হয়। (২৮ ফেব্রুয়ারি ২০২৫)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সাথে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (FAO) রুরাল ইনভেস্ট (RIV) টুলকিটের প্রশিক্ষক দলের সাথে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময়।



ঐতিহ্যের রঙে রাঙা কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়; বর্ণাঢ্য আয়োজনে
পালন করা হয় পহেলা বৈশাখ ১৪৩২। (১৪ এপ্রিল ২০২৫)



কৃষি অনুষদের শিক্ষার্থীদের জন্য মাঠ পর্যায়ে হাতে-কলমে
প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। (৭ মে ২০২৫)



কৃষি ও মৎস্য অনুষদের শিক্ষার্থীদের জন্য মাঠ পর্যায়ে হাতে-কলমে প্রশিক্ষণ
কর্মসূচির আয়োজন করা হয়। (৭ মে ২০২৫)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের 'বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৫'
এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। (২৬ মে ২০২৫)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের 'বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৫'
এর আনুষ্ঠানিক উদ্বোধনে বক্তব্য রাখছেন মাননীয় উপাচার্য মহোদয়। (২৬ মে ২০২৫)



ক্যাম্পাসে মাদক ও র‍্যাগিং মুক্ত পরিবেশ নিশ্চিত করতে "এন্টি-র‍্যাগিং ও
এন্টি-ড্রাগ" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। (২৯ জুন ২০২৫)



কৃষি ও মৎস্য অনুষদের প্রথম বর্ষের শিক্ষার্থীদের জন্য বাস্তব জ্ঞান অর্জনে একটি বিশেষ শিক্ষামূলক মাঠ সফর (Field Trip) সম্পন্ন হয় । (৩ জুলাই ২০২৫)



কৃষি ও মৎস্য অনুষদের প্রথম বর্ষের শিক্ষার্থীদের জন্য বাস্তব জ্ঞান অর্জনে একটি বিশেষ শিক্ষামূলক মাঠ সফর (Field Trip) সম্পন্ন হয় । (৩ জুলাই ২০২৫)



'জুলাই গণঅভ্যুত্থান দিবস' উপলক্ষে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে র‍্যালি অনুষ্ঠিত হয়। (৫ আগস্ট ২০২৫)



'জুলাই গণঅভ্যুত্থান দিবস' উপলক্ষে রাত্রি ১২ ঘটিকায় কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয় নিজ হাতে মোমবাতি প্রজ্বলন করেন। (৫ আগস্ট ২০২৫)



'জুলাই গণঅভ্যুত্থান দিবস' উপলক্ষে শহীদদের স্মরণে অস্থায়ী ক্যাম্পাসে মোমবাতি প্রজ্বলন অনুষ্ঠিত হয় । (৫ আগস্ট ২০২৫)



বিশ্ববিদ্যালয়ের চতুর্থ প্রতিষ্ঠাবার্ষিকী এবং ২০২৪-২৫ শিক্ষাবর্ষের নতুন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয় । (২২ সেপ্টেম্বর ২০২৫)



বিশ্ববিদ্যালয়ের চতুর্থ প্রতিষ্ঠাবার্ষিকী এবং ২০২৪-২৫ শিক্ষাবর্ষের নতুন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে র‍্যালি অনুষ্ঠিত হয়। (২২ সেপ্টেম্বর ২০২৫)



আউটকাম বেসড এডুকেশন (OBE) নিশ্চিত করার লক্ষে মাঠ পর্যায়ে ব্যবহারিক শিক্ষা কার্যক্রম আরও জোরালো করার উদ্যোগ নেওয়া হয়েছে। এরই অংশ হিসেবে কুড়িগ্রামে অবস্থিত বিভিন্ন সরকারি ও বেসরকারি কৃষি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ফিশারিজ ফ্যাকাল্টির শিক্ষার্থীদের হাতে-কলমে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। (১৮ নভেম্বর ২০২৫)



আউটকাম বেসড এডুকেশন (OBE) নিশ্চিত করার লক্ষে মাঠ পর্যায়ে ব্যবহারিক শিক্ষা কার্যক্রম আরও জোরালো করার উদ্যোগ নেওয়া হয়েছে। এরই অংশ হিসেবে কুড়িগ্রামে অবস্থিত বিভিন্ন সরকারি ও বেসরকারি কৃষি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কৃষি অনুষদের শিক্ষার্থীদের হাতে-কলমে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। (১৮ নভেম্বর ২০২৫)



বাঙালির ঐতিহ্য রক্ষায় কৃষি অনুষদের উদ্যোগে আনন্দঘন পরিবেশে 'নবান্ন উৎসব-১৪৩২' উদযাপন করা হয়। (২০ নভেম্বর ২০২৫)



মহান বিজয় দিবস ২০২৫ উপলক্ষে বীর শহীদদের প্রতি পুষ্পস্তবক অর্পণসহ বিভিন্ন আয়োজনে বিজয় দিবস উদযাপন করা হয়। (১৬ ডিসেম্বর ২০২৫)



মহান বিজয় দিবস ২০২৫ উপলক্ষে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে বিজয় র‍্যালি উদযাপন করা হয়। (১৬ ডিসেম্বর ২০২৫)



কৃষি অনুষদের শিক্ষার্থীদের 'এগ্রোনমি' বিষয়ের ব্যবহারিক শিক্ষার জন্য মাঠ পর্যায়ে পাঠদান করা হয়। (২০ জানুয়ারি ২০২৬)



কৃষি অনুষদের শিক্ষার্থীদের 'এগ্রোনমি' বিষয়ের ব্যবহারিক শিক্ষার জন্য মাঠ পর্যায়ে পাঠদান করা হয়। (২০ জানুয়ারি ২০২৬)



কৃষি অনুষদের শিক্ষার্থীদের 'এগ্রোনমি' বিষয়ের ব্যবহারিক শিক্ষার জন্য মাঠ পর্যায়ে পাঠদান করা হয়। (২০ জানুয়ারি ২০২৬)



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে
দেয়ালিকা প্রতিযোগিতার আয়োজন করা হয়। (২১ ফেব্রুয়ারি ২০২৬)



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে
প্রভাতফেরি উদযাপন করা হয়। (২১ ফেব্রুয়ারি ২০২৬)



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে
বীর শহীদদের প্রতি পুষ্পস্তবক অর্পণ করা হয়। (২১ ফেব্রুয়ারি ২০২৬)



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে
দেয়ালিকা প্রতিযোগিতার পুরস্কার তুলে দিচ্ছেন মাননীয় উপাচার্য মহোদয়। (২১ ফেব্রুয়ারি ২০২৬)



পবিত্র মাহে রমজান উপলক্ষে বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে
দোয়া মাহফিল ও ইফতার অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। (৫ মার্চ ২০২৬)



পবিত্র মাহে রমজান উপলক্ষে বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে
দোয়া মাহফিল ও ইফতার অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। (৫ মার্চ ২০২৬)



যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৬ পালিত হয়।
স্বাধীনতা দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে র‍্যালি অনুষ্ঠিত হয়। (২৬ মার্চ ২০২৬)



যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৬ পালিত হয়। স্বাধীনতা দিবস উপলক্ষে
বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, র‍্যালি এবং আলোচনা সভা অনুষ্ঠিত হয়। (২৬ মার্চ ২০২৬)



বাঙালির চিরায়ত ঐতিহ্যের আবহে পহেলা বৈশাখ ও
বাংলা নববর্ষ ১৪৩৩ উদযাপন করা হয়। (১৪ এপ্রিল ২০২৬)



বাঙালির চিরায়ত ঐতিহ্যের আবহে পহেলা বৈশাখ ও বাংলা নববর্ষ ১৪৩৩ উদযাপন অনুষ্ঠানে মাননীয় উপাচার্য মহোদয়কে ফুল দ্বারা বরণ করে শিক্ষার্থীরা। (১৪ এপ্রিল ২০২৬)



বাঙালির চিরায়ত ঐতিহ্যের আবহে পহেলা বৈশাখ ও বাংলা নববর্ষ ১৪৩৩ এ র‍্যালি উদযাপন করা হয়। (১৪ এপ্রিল ২০২৬)



Agricultural Graduate: "Opportunities, Challenges and Way forward" বিষয়ক সেমিনারে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সদস্য এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপককে ফুল দ্বারা বরণ করেন মাননীয় উপাচার্য মহোদয়। (২১ এপ্রিল ২০২৬)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে Agricultural Graduate: "Opportunities, Challenges and Way forward" বিষয়ক সেমিনারে বক্তব্য রাখছেন বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সদস্য এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। (২১ এপ্রিল ২০২৬)



কৃষি অনুষদের ২য় ব্যাচের আধুনিক কৃষি যন্ত্রপাতির পরিচিতি ও হাতে-কলমে ব্যবহারিক শিক্ষা বিষয়ক পাঠদান সম্পন্ন হয়। (টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ, কুড়িগ্রাম)



বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট এর আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বুড়িরহাট, রংপুর এ কৃষি অনুষদের ১ম এবং ২য় ব্যাচের শিক্ষার্থীদের শিক্ষাসফর ও ব্যবহারিক জ্ঞান অর্জন



রাজারহাট কৃষি আবহাওয়া পর্যবেক্ষণাগারে কৃষি অনুষদের ১ম ও
২য় ব্যাচের শিক্ষার্থীদের শিক্ষাসফর ও ব্যবহারিক জ্ঞান অর্জন



রাজারহাট কৃষি আবহাওয়া পর্যবেক্ষণাগারে কৃষি অনুষদের ১ম ও
২য় ব্যাচের শিক্ষার্থীদের শিক্ষাসফর ও ব্যবহারিক জ্ঞান অর্জন



বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট এর সরেজমিন গবেষণা বিভাগ, রংপুর এ
কৃষি অনুষদের ১ম এবং ২য় ব্যাচের শিক্ষার্থীদের শিক্ষাসফর ও ব্যবহারিক জ্ঞান অর্জন



কৃষি অনুষদের ২য় ব্যাচের শিক্ষার্থীদের ধানক্ষেত থেকে
আগাছা অপসারণের হাতে-কলমে ব্যবহারিক শিক্ষা



কৃষি অনুষদের ২য় ব্যাচের শিক্ষার্থীদের ধানক্ষেত থেকে
আগাছা অপসারণের হাতে-কলমে ব্যবহারিক শিক্ষা



মৎস্য অনুষদের ২য় ব্যাচের শিক্ষার্থীদের পুকুরের বিভিন্ন ভৌত-রাসায়নিক
পানির গুণাগুণ নির্ণয়ের হাতে-কলমে প্রশিক্ষণ



মৎস্য অনুষদের ২য় ব্যাচের শিক্ষার্থীদের পুকুরের বিভিন্ন ভৌত-রাসায়নিক
পানির গুণাগুণ নির্ণয়ের হাতে-কলমে প্রশিক্ষণ



মৎস্য অনুষদের শিক্ষার্থীদের ব্যবহারিক জ্ঞান অর্জন ও
নমুনা সংগ্রহের উদ্দেশ্যে মাঠপর্যায়ে ফিল্ড ভিজিট



মৎস্য অনুষদের শিক্ষার্থীদের আধুনিক মৎস্যচাষ প্রযুক্তি ও ব্যবস্থাপনা সম্পর্কে ব্যবহারিক জ্ঞান ও
গবেষণামুখী ধারণা অর্জনের লক্ষ্যে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (BFRI), স্বাদুপানি উপকেন্দ্র, সৈয়দপুরে শিক্ষাসফর



মৎস্য অনুষদের শিক্ষার্থীদের কারিগরি জ্ঞান, ঐতিহাসিক ও প্রাতিষ্ঠানিক কার্যক্রম সম্পর্কে বাস্তবভিত্তিক ধারণা অর্জনের লক্ষ্যে রেলওয়ে ওয়ার্কশপ ও জাদুঘর, সৈয়দপুরে শিক্ষাসফর।



মৎস্য অনুষদের শিক্ষার্থীদের কারিগরি জ্ঞান, ঐতিহাসিক ও প্রাতিষ্ঠানিক কার্যক্রম সম্পর্কে বাস্তবভিত্তিক ধারণা অর্জনের লক্ষ্যে রেলওয়ে ওয়ার্কশপ ও জাদুঘর, সৈয়দপুরে শিক্ষাসফর।



মৎস্য অনুষদের শিক্ষার্থীদের আধুনিক মৎস্যচাষ প্রযুক্তি ও ব্যবস্থাপনা সম্পর্কে ব্যবহারিক জ্ঞান ও গবেষণামুখী ধারণা অর্জনের লক্ষ্যে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (BFRI), স্বাদুপানি উপকেন্দ্র, সৈয়দপুরে শিক্ষাসফর।



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে নৈশ ক্রিকেট টুর্নামেন্ট অনুষ্ঠিত (৭ মে ২০২৬)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে নৈশ ক্রিকেট টুর্নামেন্ট অনুষ্ঠিত (৭ মে ২০২৬)



কুড়িগ্রাম কৃষিবিশ্ববিদ্যালয়ের সম্ভাব্য স্থান পরিদর্শন করেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী অধ্যক্ষ আসাদুল হাবিব দুলু এমপি। (১০ মে ২০২৬)



কুড়িগ্রাম কৃষিবিশ্ববিদ্যালয়ের সম্ভাব্য স্থান পরিদর্শন করেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী অধ্যক্ষ আসাদুল হাবিব দুলু এমপি। (১০ মে ২০২৬)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীদের মেধা বৃত্তি ও উপবৃত্তির অর্থপ্রদান



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীদের মেধা বৃত্তি ও উপবৃত্তির অর্থপ্রদান



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীদের মেধা বৃত্তি ও উপবৃত্তির অর্থপ্রদান



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীদের মেধা বৃত্তি ও উপবৃত্তির অর্থপ্রদান



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের শিক্ষার্থীদের মেধা বৃত্তি ও উপবৃত্তির অর্থপ্রদান



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের শিক্ষার্থীদের মেধা বৃত্তি ও উপবৃত্তির অর্থপ্রদান



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রথম এবং দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীদের মেধা বৃত্তি ও উপবৃত্তির অর্থপ্রদান অনুষ্ঠান



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রথম এবং দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীদের মেধা বৃত্তি ও উপবৃত্তির অর্থপ্রদান অনুষ্ঠান



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের নৈশ ক্রিকেট টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠান (১০ মে ২০২৬)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের নৈশ ক্রিকেট টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠান (১০ মে ২০২৬)



ফিশারিজ ফ্যাকাল্টির ১ম ব্যাচের প্রেজেন্টেশন (২২ জুলাই ২০২৬)



ফিশারিজ ফ্যাকাল্টির ১ম ব্যাচের প্রেজেন্টেশন (২২ জুলাই ২০২৬)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের সম্ভাব্য অস্থায়ী জায়গা পরিদর্শন করেন
ইউজিসির সম্মানিত সদস্য অধ্যাপক ড. আব্দুল্লাহ-আল-মামুন। (২৭ জুলাই ২০২৬)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে Role of Agriculturists on Food Safety and Security বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়
যেখানে ইউজিসির সম্মানিত সদস্য অধ্যাপক ড. আব্দুল্লাহ-আল-মামুন বক্তব্য রাখেন। (২৭ জুলাই ২০২৬)



ইউজিসির সম্মানিত সদস্য অধ্যাপক ড. আব্দুল্লাহ-আল-মামুন মহোদয়কে ফুল দিয়ে বরণ করছেন মাননীয় উপাচার্য মহোদয়। (২৭ জুলাই ২০২৬)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের "৫ বছরে ২৫ কোটি বৃক্ষ রোপণ" কর্মসূচির আয়তায় বৃক্ষরোপণ কর্মসূচি ২০২৬ অনুষ্ঠিত হয় যেখানে মাননীয় উপাচার্য মহোদয় নিজ হাতে বৃক্ষ রোপণ করেন। (২৮ জুলাই ২০২৬)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের "৫ বছরে ২৫ কোটি বৃক্ষ রোপণ" কর্মসূচির আয়তায় বৃক্ষরোপণ কর্মসূচি ২০২৬ অনুষ্ঠিত হয় যেখানে মাননীয় উপাচার্য মহোদয় নিজ হাতে বৃক্ষ রোপণ করেন। (২৮ জুলাই ২০২৬)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের "৫ বছরে ২৫ কোটি বৃক্ষ রোপণ" কর্মসূচির আয়তায় বৃক্ষরোপণ কর্মসূচি ২০২৬ অনুষ্ঠিত হয় যেখানে মাননীয় উপাচার্য মহোদয় নিজ হাতে বৃক্ষ রোপণ করেন। (২৮ জুলাই ২০২৬)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের "৫ বছরে ২৫ কোটি বৃক্ষ রোপণ" কর্মসূচির আয়তায় বৃক্ষরোপণ কর্মসূচি ২০২৬ অনুষ্ঠিত হয় যেখানে মাননীয় উপাচার্য মহোদয় নিজ হাতে বৃক্ষ রোপণ করেন। (২৮ জুলাই ২০২৬)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে উপ-উপাচার্য মহোদয়ের যোগদান (৩ আগস্ট ২০২৬)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে মাননীয় উপ-উপাচার্য মহোদয়কে ফুল দিয়ে বরণ করছেন সম্মানিত শিক্ষকবৃন্দ। (৩ আগস্ট ২০২৬)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ এ মহান শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জানানো হয়। (৫ আগস্ট ২০২৬)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ এ মহান শহীদদের শ্রদ্ধাঞ্জলি জানান মাননীয় উপাচার্য মহোদয় এবং শিক্ষার্থী বিষয়ক উপদেষ্টা (৫ আগস্ট ২০২৬)



জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ এ অস্থায়ী ক্যাম্পাসে র‍্যালি অনুষ্ঠিত হয়। (৫ আগস্ট ২০২৬)



জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ এ বক্তব্য রাখছেন মাননীয় উপাচার্য মহোদয়। (৫ আগস্ট ২০২৬)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ শহীদদের এবং আহতদের জন্য দোয়া করা হয়। (৫ আগস্ট ২০২৬)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ শহীদদের এবং আহতদের জন্য দোয়া করা হয়। (৫ আগস্ট ২০২৬)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ে জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ এ শিক্ষার্থীদের পুরস্কার প্রদান। (৫ আগস্ট ২০২৬)



জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ এ অনুষ্ঠিত দেয়ালিকা প্রতিযোগিতায় ১ম স্থানকারীদের পুরস্কার দিচ্ছেন মাননীয় উপাচার্য মহোদয়। (৫ আগস্ট ২০২৬)



কৃষি অনুষদের ২য় ব্যাচের ক্লাসরুমের বিভিন্ন দৃশ্য পরিদর্শন করেন মাননীয় উপাচার্য মহোদয় এবং শিক্ষার্থী বিষয়ক উপদেষ্টা মহোদয়। (৬ আগস্ট ২০২৬)



কৃষি অনুষদের ২য় ব্যাচের ক্লাসরুমের বিভিন্ন দৃশ্য পরিদর্শন করেন মাননীয় উপাচার্য মহোদয় এবং শিক্ষার্থী বিষয়ক উপদেষ্টা মহোদয়। (৬ আগস্ট ২০২৬)



কৃষি অনুষদের দ্বিতীয় ব্যাচের শিক্ষার্থীদের প্রেজেন্টেশন



"Strengthening Partnership for Sustainable Agriculture and Innovation" বিষয়ক মতবিনিময় সভায় জাপানি প্রতিনিধি দলের সাথে শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এবং কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষকবৃন্দের সৌজন্য সাক্ষাৎ (১৬ আগস্ট ২০২৬)



"Strengthening Partnership for Sustainable Agriculture and Innovation" বিষয়ক মতবিনিময় সভায় জাপানি প্রতিনিধি দলের সাথে শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এবং কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষকবৃন্দের সৌজন্য সাক্ষাৎ (১৬ আগস্ট ২০২৬)



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরী